



অসমে হিংসা, স্তব্ধ ইন্টারনেট

এবার গোষ্ঠী সংঘর্ষের জেরে উত্তপ্ত হয়ে উঠল বিজেপি শাসিত অসম। বিধানসভা ভোটের মাস খানেক আগে এই অশান্তিতে উদ্বেগে হিমন্ত বিশ্ব শর্মার সরকার।

ভিসায় লটারি বন্ধ

এইচ-১বি ভিসার নিয়ম বদল। এখন থেকে আর লটারিতে ভাগ্যের জোর নয়, বরং মেধা আর পকেটের জোরই হবে শেষ কথা।

আজকের সম্ভাব্য তাপমাত্রা					
২৫°	১৩°	২৬°	১৩°	২৬°	১৩°
সর্বোচ্চ	সর্বনিম্ন	সর্বোচ্চ	সর্বনিম্ন	সর্বোচ্চ	সর্বনিম্ন
শিলিগুড়ি		জলপাইগুড়ি		কোচবিহার	

মেসি কাণ্ডে স্পনসরদের তলব

শিলিগুড়ি ৯ পৌষ ১৪৩২ বৃহস্পতিবার ৫.০০ টাকা 25 December 2025 Thursday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbongsambad.in Vol No. 46 Issue No. 216



সাঁড়াশি চাপে ঢাকা

হাসিনার মতো ইউনুসদেরও পালাতে হবে বলে কটাক্ষ হাদির ভাইয়ের। দীপু হত্যায় ভারতেও বাড়ছে বাংলাদেশ বিরোধিতা।



রক্তাক্ত ঢাকার রাজপথ। বোমা হামলার পর।

সার্কিক্যাল স্ট্রাইক, সীমান্তে চরম হুমকি পদ্মের

নিউজ ব্যুরো

ইউনুসদের চ্যালেঞ্জ হাদির ভাইয়ের

ঢাকা, ২৪ ডিসেম্বর : ঘরে-বাইরে প্রবল চাপের মুখে বাংলাদেশ। ওসমান হাদির হত্যা থেকে শুরু করে হিন্দু তরুণ দীপুচন্দ্র দাসের খুনে দেশের মুখ পুড়েছে আন্তর্জাতিক মহলে। দেশের অন্তর্ভুক্তি সরকারের প্রধান উদ্দেশ্য যতই হাদির মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালন করুন, আঙুল উঠছে তার দিকে। সেই আঙুল তুলছে হাদির দল ও তার পরিবার। এসবের মাঝে বৃহবার রাতে রাজধানী ঢাকায় বোমা বিস্ফোরণের খবর সামনে এসেছে। পুলিশ সূত্রে খবর, এদিন সন্ধ্যা ৭টা নাগাদ স্থানীয় নিউ ইক্সট্রানে একটি উড়ালপুল থেকে বোমাটি ছোড়া হয়। ঘটনায় সিয়াম মজুমদার নামে এক তরুণের মৃত্যু হয়েছে।

এদিন ওসমানের ভাই শরিফ ওমর হাদি সরাসরি চ্যালেঞ্জ ছুড়ে জানিয়েছেন, তার দাদার হত্যাকারীদের বিচার না হলে এই সরকারের কর্মকর্তাদের শেখ হাসিনার মতো দেশ ছেড়ে পালাতে

হবে। জাতীয় সংসদের নির্বাচন বানচাল করার যড়যন্ত্রে তার ভাইকে খুন করার অভিযোগ তুলেছেন ওমর। তার বিস্ফোরক অভিযোগ, এই খুনের সঙ্গে সরকারের একাংশের যোগসাজশ রয়েছে। ঢাকার শাহবাগে জাতীয় জাদুঘরের উপচে পড়া ভিড়ে বাতাস চিরে 'হাদি হাদি' স্লোগানের মাঝে 'শহিদি শপথ' অনুষ্ঠানে ওমর

ঢাকায় বিস্ফোরণ, মৃত ১

সরাসরি নিশানা করেন ইউনুসের সরকারকে। তার কথায়, 'নির্বাচনের পরিবেশ যাতে ব্যাহত না হয়, সেজনা হত্যাকারীদের বিচার দ্রুত নিশ্চিত করুক সরকার। সরকার আমাদের সামনে দাদার খুনের তদন্তে কোনও দৃশ্যমান অগ্রগতি দেখাতে বার্ষ হয়েছেন।

এরপর দেশের পাতায়

২৪ ডিসেম্বর : বাংলাদেশের হাইকমিশনের পর গেরুয়া শিবিরের নজর এখন সীমান্তে। রাজ্যের বিভিন্ন প্রান্তে বাংলাদেশ বাতায়নের পথে বৃহবার বিস্ফোরক দেখায় বিজেপি। এতে কয়েক ঘণ্টা সীমান্ত বাণিজ্য বন্ধ হয়। শিলিগুড়ির কাছে ফুলবাড়িতে বিজেপি কর্মীরা বাংলাদেশের ট্রাক আটকে ওপরে উঠে যান। এতে উত্তেজনা ছড়ালে পুলিশ পরিস্থিতি সামাল দেয় বটে, কিন্তু দু'দেশের মধ্যে সমস্ত যান চলাচল থমকে যায়।

কোচবিহার জেলার চ্যাংরাবাছা সীমান্তে জুতার মালা পরিয়ে মুহাম্মদ ইউনুসের কুশপুতলিকা পোড়ানো হয়। ঝিকার স্লোগান উঠে। স্লোগানের আওয়াজ ওপারে পৌঁছে যাওয়ায় বাংলাদেশের বহু মানুষ সীমান্ত গেটে ভিড় করেন। তবে অগ্রীতিকর কিছু ঘটেনি। দক্ষিণবঙ্গে বনগার কাছে পেট্রাপোল সীমান্তে ওই বিস্ফোরক চলে হিন্দু সনাতনী একা পরিষদের ব্যানারে।

পেট্রাপোলের ওই সমাবেশে হরিণঘাটার বিধায়ক অসীমকুমার সরকার এক ধাপ এগিয়ে বাংলাদেশে সার্কিক্যাল স্ট্রাইকের দাবি তোলেন। বাংলাদেশে হিন্দু নিগ্রহের প্রতিবাদ করলেও নয়াদিল্লি এখনও কোন কড়া পদক্ষেপ করেনি। কিন্তু বাংলায় যে বিজেপি কড়া পদক্ষেপের পক্ষপাতী, তা অসীমের বক্তব্যে স্পষ্ট।

তিনি বলেন, 'পাকিস্তানের মতো বাংলাদেশেও সার্কিক্যাল স্ট্রাইক করুক ভারত সরকার।

এরপর দেশের পাতায়

উৎসবের বড় দিন



ক্রিসমাসের প্রাক সন্ধ্যায় শিলিগুড়ির একটি চার্চে প্রার্থনা। (নীচে) খুদে সান্তার ফোটোসেশনে ব্যস্ত বাবা-মা। অমৃতসরে। বৃহবার ক্রিসমাস ইভে।

পাবের কেবিনে মাদকচক্র

বর্ষশেষে নতুন শঙ্কা শিলিগুড়ি শহরে

রাহুল মজুমদার ও শমীদীপ দত্ত

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : একদিকে ক্রিসমাস আর নতুন বছরকে স্বাগত জানানোর তোড়জোড়, অন্যদিকে শহরের অধিকাংশ পাব ও বার রাত তিনটে পর্যন্ত খোলা রাখার সিদ্ধান্তে পুলিশ এবার অনেক বেশি সতর্ক। তার ওপর বাড়তি মনোযোগ দিতে হচ্ছে বড়দিন এবং নিউ ইয়ার পার্টির আড়ালে ব্রাউন সুগার ও কোকেনের কারবার শহরে জাকিয়ে বসায়।

পুলিশের নজর এড়াতে উৎসবের মরশুমে মাদক কারবারিরা ব্যবহার করছে অস্বস্তি সঞ্চারিতক নাম। 'রক', 'চার্লি', 'অ্যাডাম', 'ইভ', 'মো' বা 'নোজ ক্যান্ডি' অনেকেই কাছে অর্থহীন মনে হলেও, এই নামেই শহরের বার, পাব থেকে শুরু করে প্রভাবশালী



মহলে ছড়িয়ে পড়ছে মাদক। সবচেয়ে উদ্বেগের বিষয় হল, নেপাল, সিকিম, মিজোরাম ও অসম হয়ে এই মাদক সরাসরি শিলিগুড়িতে জেন জেড প্রজন্মের হাতে পৌঁছে যাচ্ছে। চম্পাসারি মোড় এবং বেঙ্গল সাধারণের মতো এলাকা পার করে সেবকের আগের একটি নির্দিষ্ট এলাকায় এই মাদকের হাতবদল হয় বলে সূত্রের খবর।

এই কারবারের মূলে রয়েছে এক অভিনব সরবরাহ ব্যবস্থা। নিজেদের 'সমাজকর্মী' পরিচয়

নেশার জন্য মাদকের সংকেত

'রক', 'চার্লি', 'অ্যাডাম', 'ইভ', 'মো' বা 'নোজ ক্যান্ডি'

ভাইরাল ভিডিও

পাব মালিকের ব্রাউন সুগার সেবনের ভিডিও ভাইরাল হলেও পুলিশ নিষ্ক্রিয়

গোপন কুঠুরি

মাদক সেবনের সুবিধার্থে পাবে গোপন কেবিন বুকিংয়ের ব্যবস্থা

দেওয়া কিছু তরুণ আসলে এই মাদকচক্রের ক্যারিয়ার হিসেবে কাজ করছে। এদের মধ্যে একজন সেবক

রোড সংলগ্ন এলাকারই বাসিন্দা এবং অনাজন ভিনরাজ্যের বাসিন্দা হয়েও শিলিগুড়িতে ঘাঁটি গেড়েছে। এজেন্টদের হাত ঘুরে নিয়ম করে এই মাদক পৌঁছে যাচ্ছে শহরের নামী

সেবক রোডের দুটি পাবে এই মাদক কারবার সবথেকে বেশি বলে অভিযোগ। সেখানে মাদক সেবনের জন্য রীতিমতো ছোট ছোট কুঠুরি বা গোপন কেবিন বুকিংয়ের ব্যবস্থা রয়েছে, যেখানে বন্ধুবান্ধব বা প্রিয়জনকে নিয়ে একান্ত সময় কাটানোর আড়ালে চলে মাদক সেবন। সম্প্রতি সেবক রোডের একটি পাবের মালিকের মাদক সেবনের ভিডিও (যার সত্যতা যাচাই করেন উত্তরবঙ্গ সংবাদ) সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়ায় তোলপাড় শুরু হয়েছে। সেই ভিডিও দেখা

এরপর দেশের পাতায়

পর্যটনের গাড়ি নিয়ে জট কাটল

রণজিৎ ঘোষ

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : পাহাড়ে গাড়ি চলাচল নিয়ে গোখালিঘাট টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের (জিটিএ) ডাকা বৈঠকে বরফ গললো। বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, পাহাড় ও সমতলের সব গাড়িই যে কোনও জায়গায় যেতে পারবে। বৃহস্পতিবার ভোর থেকে ফের পর্যটকদের নিয়ে পাহাড়ের গাড়িগুলি টাইগার হিলের পথে যাবে। সমতলের গাড়িগুলিও আগের মতোই স্বাভাবিক নিয়মে সমস্ত দর্শনীয় স্থানে চলাচল করতে পারবে। জিটিএ-র এই সিদ্ধান্তে খুশি পাহাড় ও সমতলের পরিবহণ এবং পর্যটন ব্যবসায়ীরা। পাহাড়ের সংযুক্ত চালক সংঘের পক্ষে পাশাপাশি শেরপা বলেছেন, 'সংগঠনের দাবিগুলি নিয়ে আগামীদিনে ফের বৈঠক হবে। প্রশাসনের আশ্বাস পেয়ে বৃহস্পতিবার থেকে সব পরিষেবা স্বাভাবিক করা হচ্ছে।' আর সমতলের জয়েন্ট অ্যাকশন কমিটির তরফে সন্ধ্যা সন্ধ্যা বলেছেন, 'প্রশাসনিক আশ্বাস পেয়ে আমরাও আন্দোলন আপাতত স্থগিত

পাহাড়ে বৈঠক

■ জিটিএ ট্রাফিক অ্যাডভাইজারি কমিটির বৈঠক

■ বৈঠকে জিটিএ, পুলিশ, আঞ্চলিক পরিবহণ দপ্তরের আধিকারিকরা সহ সংযুক্ত চালক সংঘের প্রতিনিধিরা

■ সিদ্ধান্ত, বৃহস্পতিবার ভোর থেকে ফের পর্যটকদের নিয়ে পাহাড়ের গাড়িও টাইগার হিলের পথে

■ সমতলের গাড়িগুলিও আগের মতোই সমস্ত দর্শনীয় স্থানে চলাচল করতে পারবে

করছি। তবে পাহাড়ে চলাচলকারী সমস্ত গাড়ির চালক এবং পর্যটকদের সুরক্ষা প্রশাসনকেই নিশ্চিত করতে হবে।' জিটিএ-র ট্রাফিক অ্যাডভাইজারি কমিটির আহ্বায়ক রাজেশ চৌহান এদিনের বৈঠক

এরপর দেশের পাতায়

সুপ্রিম কোর্টে শেষ চেষ্টা বিডিও'র

রিমি শীল

কলকাতা, ২৪ ডিসেম্বর : সহজে যেন মাথা নোয়াবেন না রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মন। হাইকোর্টের নির্দেশ অনুযায়ী তিনি যে আত্মসমর্পণ করছেন না, তা বৃহবার স্পষ্ট হয়ে গিয়েছে। হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ করে তিনি সুপ্রিম কোর্টে স্পেশাল লিভ নিশ্চিত দাখিল করেছেন। বৃহবার একেবারে শেষবেলায় সন্ধ্যা ৫টা ৪৬ মিনিট নাগাদ মামলাটি ফাইল হয়েছে।

শীর্ষ আদালতে প্রশান্তর হয়ে বরীয়ান আইনজীবী মুকুল রোহতগি সওয়াল করতে পারেন। সুপ্রিম কোর্টে এখন ছুটি চলছে বলে মামলাটির ই-ফাইলিং হয়েছে। আদালত সূত্রে খবর, ২ জানুয়ারি মামলাটির শুনানি হওয়ার সম্ভাবনা। রাজ সরকারের তরফে অবশ্য আগেই ক্যাডিয়েট দাখিল করে রাখা হয়েছে যাতে প্রশান্তর আবেদনের একতরফা শুনানি না হয়।

রাজগঞ্জের বিডিওকে ৭২ ঘণ্টার মধ্যে আত্মসমর্পণ করতে নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। সেই সময়সীমা শেষ হবে বৃহস্পতিবার। তার আগেই তিনি সুপ্রিম কোর্টে আবেদন জানালেন। হাইকোর্টের নির্দেশ শোনার পর থেকে উধাও হয়ে গিয়েছিলেন প্রশান্ত। তিনি গত দু'দিন আর অফিসে আসেননি। যদিও জল্পনা ছিলই যে, তিনি এত সহজে ধরা দেবেন না।

সেই জল্পনা সত্যি হল, আত্মসমর্পণ করার মেয়াদ শেষ হওয়ার আগের দিন তার শীর্ষ আদালতে আবেদন। বিডিও'র বিরুদ্ধে অপহরণ ও খুনের মতো মারাত্মক অভিযোগ আছে। কলকাতার কাছে দত্তাবাদে এক স্বর্ণ ব্যবসায়ী স্বপ্নন কামিল্যাকে খুনের ওই অভিযোগের সত্যতায় কার্যত সিলমোহর পড়েছে হাইকোর্টের বিচারপতির পর্যবেক্ষণে। বিডিও'র বিরুদ্ধে তদন্তে পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন কম নয়। নিম্ন আদালতের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেছেন হাইকোর্টের বিচারপতিও।

আজ বড়দিন। সামনেই নববর্ষ। একেবারে উৎসবের আবহ। ছুটির ক'টা দিনে শীতের আমেজ গায়ে মেখে ঘুরে বেড়াতে কার না মন চায়! কিন্তু গত কয়েকদিনে একাধিক কারণে অনিশ্চয়তার কালো মেঘ ঘুরে বেড়াচ্ছিল দার্জিলিংয়ে। আপাতত সেই মেঘ কাটিয়ে এখন উৎসবে মজে গোটা পাহাড়।

‘মেঘ সরল’ দার্জিলিং থেকে

রণজিৎ ঘোষ

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : চারিদিকে রোশনাই, তাপমাত্রাও ৫-৬ ডিগ্রির আশপাশে ঘোরাক্ষেপ করছে। এর মধ্যে ম্যালের চৌরাস্তা থেকে শুরু করে গান্ধি রোড, চকবাজার সবত্রই পর্যটকদের ভিড় যেন উপচে পড়ছে। বৃহবার বড়দিনের আগের দিনে শৈলশহরের ছবিটা ছিল ঠিক এমনই। এরই সঙ্গে এদিনই দার্জিলিংয়ের ঐতিহ্যবাহী গ্লেনারিজও পুরোপুরি ঢাকা হয়ে গিয়েছে। বৃহস্পতিবার থেকে টাইগার হিলে যাওয়ার সময়সীমাও দূর হচ্ছে। ফলে পর্যটকদের মধ্যে আনন্দ উজ্জ্বল। যেন আরও বেড়েছে। সন্ধ্যায় গ্লেনারিজের সামনে পর্যটকদের গানগানি ভিড়ের ছবিটা দার্জিলিংয়ের উৎসবের মেজাজটা

জানান দিচ্ছিল। গ্লেনারিজের কর্ণধার অজয় এডওয়ার্ড আদালতের রায়কে স্বাগত জানিয়েছেন। তিনি বলেছেন, 'এটা অনীত ধাপার পাটি



গ্লেনারিজের সামনে ফোটোসেশন। দার্জিলিংয়ে। ছবি : মুণাল রানা

এবং প্রশাসনের মিলিত রাজনৈতিক যড়যন্ত্র ছিল। আমার কাছে অনুমতিপত্র থাকার পরেও চক্রান্ত করে পানশালা বন্ধ করা হয়েছিল।'

বড়দিন এবং ইংরেজি নববর্ষের মরশুম দার্জিলিংয়ের পর্যটন মানচিত্রে অন্যতম। এই সময় দেশ-বিদেশের প্রচুর পর্যটক শৈলশহরে বেড়াতে আসেন। এরা জেলার সরকারি, বেসরকারি স্কুলগুলিতেও টানা ১০-১২ দিন ছুটি থাকায় বহু বাঙালি পর্যটকও ছুটি কাটাতো দেশ-বিদেশের শুরুর করে পরিবহণ সহ অন্যান্য ক্ষেত্রে ভালো ব্যবসা হয়। কিন্তু এবার নানা প্রতিবন্ধকতায় পাহাড়ে এই পর্যটন মরশুমে অন্ধকার ঘনাইছিল। একদিকে বিভিন্ন দাবিদায়ী পাহাড়ের পরিবহণালকদের টাইগার হিল বয়কট, অন্যদিকে অত্যন্ত জনপ্রিয় গ্লেনারিজের পানশালা বন্ধ করে দেওয়া হয়েছিল।

এরপর দেশের পাতায়

বড়দিন এবং ইংরেজি নববর্ষের মরশুম দার্জিলিংয়ের পর্যটন মানচিত্রে অন্যতম। এই সময় দেশ-বিদেশের প্রচুর পর্যটক শৈলশহরে বেড়াতে আসেন। এরা জেলার সরকারি, বেসরকারি স্কুলগুলিতেও টানা ১০-১২ দিন ছুটি থাকায় বহু বাঙালি পর্যটকও ছুটি কাটাতো দেশ-বিদেশের শুরুর করে পরিবহণ সহ অন্যান্য ক্ষেত্রে ভালো ব্যবসা হয়। কিন্তু এবার নানা প্রতিবন্ধকতায় পাহাড়ে এই পর্যটন মরশুমে অন্ধকার ঘনাইছিল। একদিকে বিভিন্ন দাবিদায়ী পাহাড়ের পরিবহণালকদের টাইগার হিল বয়কট, অন্যদিকে অত্যন্ত জনপ্রিয় গ্লেনারিজের পানশালা বন্ধ করে দেওয়া হয়েছিল।

এরপর দেশের পাতায়

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : সিম ইঞ্জিনের সেই চেনা কু-ঝিকঝিক শব্দ, কয়লা পোড়া মনমাতানো গন্ধ আর কুয়াশা মাখা শীতের সকালে জঙ্গল ঘেরা পাহাড়ি পথ- উত্তরবঙ্গের পর্যটনের এই চিরাচরিত ছবিতেই এখন মজেছেন দেশ-বিদেশের পর্যটকরা। বছরের শেষ লগ্নে এসে দেখা যাচ্ছে, সাধারণ সফরের চেয়ে ট্রেনের সিম ইঞ্জিন ভাড়া করে সফর করতেই বেশি স্বাচ্ছন্দ্য বোধ করছেন ভ্রমণপিপাসুরা। দার্জিলিং হিমালয়ান রেলওয়ে (ডিএইচআর) কতদূর দাবি, উৎসবের মরশুমে পর্যটকদের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে রয়েছে সুকনা থেকে রংটং-এর এই পাহাড়ি পথ।

ডিএইচআর সূত্রে খবর, পর্যটকদের বড় দলগুলি এখন পুরো ট্রেন ভাড়া নিতে বেশি আগ্রহী। গত পরশুও পর্যটকদের একটি দল ডিজেলে ইঞ্জিন চালিত একটি আন্ত



রংটং স্টেশনে দাঁড়িয়ে সিম ইঞ্জিন।

ট্রেন ভাড়া নিয়ে এই পথে সফর করেছেন। আগামী ২৯ ডিসেম্বরও একটি পর্যটন সংস্থা সুকনা থেকে রংটং পর্যন্ত সিম ইঞ্জিন ভাড়া নিয়েছে।

এরপর দেশের পাতায়

বড়দিন উপলক্ষ্যে প্রভু শিশুর কাছে

বিশ্ববাসীর মঙ্গল কামনা করি

সকলকে জানাই শুভেচ্ছা

রেজিনা রায় গৌমস, অধ্যক্ষা

সেন্ট অ্যাঙ্কন স্কুল, ৭৩ মোড়, জলপাইগুড়ি



বড়

উৎসবের

দিন



SILIGURI

NETRALAYA

OPD FEES Rs. 50/-

৫০ টাকায় যে সুবিধাগুলি পাবেন

কম্পিউটারাইসড পাওয়ার চেক-আপ

চোখের মাইক্রোস্কেপিক পরীক্ষা

চোখের স্ক্রেনার (I.O.P.) মাপা

রোটিনা পরীক্ষা

মুকোমা পরীক্ষা

ছানি পরীক্ষা

এছাড়াও চোখের যাবতীয় রোগ নির্ণয় করা হয়।

আগে থেকে নাম লিখতে হবে

90071-52717, 62906-32912

ALO CHOWDHURY MORE, BESIDE PNB BANK ATM, SILIGURI-734004

COURT MORE, 2ND FLOOR, DWARKA RUKMANI PLAZA, SILIGURI

JHIL

AQUA

PACKGED DRINKING WATER

MANUFACTURED & MARKETING BY:

J. CHATTERJEE AND CO.

VILL: MAHARAJAHAT,

PS. RAIGANJ,

DIST: UTTAR

DINAJPUR,

WEST BENGAL-733156

Email: jchatterjeeeco@gmail.com

CONTACT CONSUMER RESPONSE

COORDINATOR AT: 6297914957

রোমে যিশু খ্রিস্টের জন্মের প্রায় ৪০০ বছর পরে খ্রিস্টধর্ম রাষ্ট্রধর্ম হিসেবে মান্যতা পায়। তখন রোমান চার্চ একটি নির্দিষ্ট দিন নির্ধারণের প্রয়োজন অনুভব করে। সেই সময় রোমানদের মধ্যে খুব জনপ্রিয় উৎসব ছিল রোমান সাম্রাজ্যের দেবতা সল ইনভিক্তাসের উৎসব। সেটি হত প্রতি বছর শীতের সময় ২৫ ডিসেম্বর। তখন রোমান শাসকরা চার্চের কর্তাদের সঙ্গে বসে বৈঠক করে ২৫ ডিসেম্বর যিশু খ্রিস্টের জন্মদিন পালনের সিদ্ধান্ত নেন।

রামসিংহাসন মাহাতো

এই কার্তিকের নবমের দেশে, শীতের এই কুয়াশা মাথা বাংলায়, কোনও এক কাঠাল ছায়ায় আমরা জব চার্নককে দেখতে পাচ্ছি ক্রিসমাস উৎসব পালন করছেন।

এই প্রথম বাংলার মাটিতে যিশুর স্মরণে এমন উৎসব হচ্ছে। সেটা ১৬৮০ সাল। তখনও কলকাতার জন্ম হয়নি। কাশিমবাজারে ইস্ট ইন্ডিয়া কোম্পানির অফিসের দায়িত্ব নিলেন জব চার্নক। দিনটি ছিল ২৫ ডিসেম্বর। একদিকে এই ভূখণ্ডকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা পাওয়ার আনন্দ, অন্যদিকে যিশু খ্রিস্টের জন্মদিনের আনন্দ। এই জোড়া আনন্দের বহিঃপ্রকাশ হবে জব চার্নকের এই অনুষ্ঠানে সেটাই তো স্বাভাবিক। ভবিষ্যতে পরাধীনতার কটা পায়ে ফোটার দিনে বাংলা বুঝল ক্রিসমাস দিনের মাহাত্ম্য। আর পরবর্তী ২০০ বছরে আমরা দেখেছি রাষ্ট্র মেঘ সাততরে কীভাবে অন্ধকার এসেছিল ইংরেজ শাসনের বাংলায়।

সেইসব স্মৃতি আজ আর আমাদের মনে নেই। আমরা দিনক্ষণ তিথির পরোয়া করি না, উপলক্ষ্য পেলেই উৎসবে মেতে উঠি। যে কোনও উৎসব মানুষকে জীবনের ইন্দ্রদৌড়ের চূড়ান্ত ব্যস্ততা থেকে মুক্তির উপায় খুঁজে দেয়। সমস্ত ভেদাভেদের সীমান্তরেখা মুছে যায়। মানুষের মন রঙিন হয়ে ওঠে। সম্প্রতির অমল বন্ধন প্রসারিত হয়। জব চার্নকের হাত ধরে তাঁর দেখানো উৎসবে আজ আমরাও शामिल হয়েছি আরও বেশি করে। আজ বাংলায় ক্রিসমাস উৎসবে যত খ্রিস্ট ধর্মাবলম্বী অংশ নেন তার থেকে বেশি অংশ নেন অ-খ্রিস্ট ধর্মাবলম্বী হুজুগে বাঙালি। সেটা খারাপ কিছু নয়। কারণ

আমরা বিশ্বাস করি উৎসবের সঙ্গে ধর্মের সম্পর্ক নেই।

সবেরপরি আমাদের তথ্যে বিশ্বাস কম, শোনা কথায় ভরসা বেশি। তাই ২৫ ডিসেম্বর যিশুর জন্মদিন উৎসব। বাইবেলের বিবরণ অনুযায়ী— তাঁর জন্মের সময় রাখালরা মাঠে ছিল (লুক ২:৮)। অথচ ইজরায়েলের সেই ইহুদিয়ায় যেখানে ইহুদিরা বসবাস করতেন সেখানে শীতকালে রাখালরা মাঠে যেতেন না। তার মানে শুধু ২৫ ডিসেম্বর কেন, শীতকালের কোনও দিনই যিশুর জন্মদিন নয়।

এই দিনটি এল কোথেকে?

রোমে যিশু খ্রিস্টের জন্মের প্রায় ৪০০ বছর পরে খ্রিস্টধর্ম রাষ্ট্রধর্ম হিসেবে মান্যতা পায়। তখন রোমান চার্চ একটি নির্দিষ্ট দিন নির্ধারণের প্রয়োজন অনুভব করে। সেই সময় রোমানদের মধ্যে খুব জনপ্রিয় উৎসব ছিল রোমান সাম্রাজ্যের দেবতা সল ইনভিক্তাসের উৎসব। সেটি হত প্রতি বছর শীতের সময় ২৫ ডিসেম্বর। তখন রোমান শাসকরা চার্চের কর্তাদের সঙ্গে বসে বৈঠক করে ২৫ ডিসেম্বর যিশু খ্রিস্টের জন্মদিন পালনের সিদ্ধান্ত নেন। তাঁদের ধারণা ছিল এরফলে সব জায়গায় খ্রিস্টধর্ম ছড়িয়ে দেওয়ার সুবিধে হবে। বাস্তবে হয়েছিল তাই। তাই তাঁরা আজও এই দিনটিতে আনন্দ করেন।

কিন্তু আমরা কেন আনন্দ করি তা বোঝা মুশকিল। বোঝা মুশকিল ক্রিসমাসকে আমরা বড়দিন কেন বলি। আমরা তো জানি শীতকালে দিন ছোট হয় এবং ২৫ ডিসেম্বরের কাছাকাছি সময়ে দিন সবচেয়ে ছোট থাকে। তবে দিনটি শীতকালীন অয়নান্তের কাছাকাছি বলে তখন থেকে দিন বড় হতে শুরু করে মাত্র। তাহলে কীসের বড়দিন। সারা পৃথিবীজুড়ে এদিন উৎসব পালিত হয়, পৃথিবীর সবচেয়ে বড় উৎসব। তাই এটি বড় উৎসবের দিন, বড়দিন নয়।

ST. MICHAEL'S SCHOOL

FOR GIRLS, SILIGURI

AN ALL GIRLS BOARDING SCHOOL WITH DAY BOARDING FACILITY

WISHES ALL A

Merry Christmas

AND

A HAPPY NEW YEAR

www.smgsig.com

শুভ বড়দিন!

এই উৎসবে শান্তি, আনন্দ, ভালোবাসা

আর নতুন বছরের আশা নিয়ে

আপনার ও আপনার পরিবারের

জন্য অনেক অনেক শুভেচ্ছা রইল,

যা আপনার জীবনকে উজ্জ্বল

ও সমৃদ্ধি করুক

-এই কামনা করি।

দ্বীপেন্দ্র সাংমা

সভাপতি, ST সেল, জেলা তৃণমূল কংগ্রেস, কোচবিহার

ORIENT GROUP

SINCE 1963

2026

Celebration Of Hope

2026/- + 2026/-

10 গ্রাম সোনার গহনার মূল্যের উপর

10 গ্রাম সোনার গহনার মজুরির উপর

ফ্ল্যাট 26%* ছাড়

হীরার গহনার মজুরির উপর

+ ফ্ল্যাট ১০%* হীরার দামে**

0% ডিডাকশন

পুরোনো সোনার বিনিময়ে*

*প্রতিটি কেনাকাটায়

সুনিশ্চিত উপহার

আমাদের বিশেষ অফার 20শে ডিসেম্বর থেকে চলছে।

Customer Care: +91 83730 99950

customercare@orientjewellers.co.in

www.orientjewellers.in

চাকদহ - 83730 99949 | বেথুয়াডহরী - 83730 99925 | সাঁইখিয়া - 83730 99936 | মল্লারপুর - 83730 99926 | বেলডাঙা - 83730 99944 | রঘুনাথগঞ্জ - 83730 99927 | ধুলিয়ান - 83730 99992 | কালিয়াচক - 83730 99912 | সুজাপুর - 83730 99916 | গাজোল - 83730 99915 | বালুরঘাট - 83730 99953 | কালিয়াগঞ্জ - 83730 99903 | রায়গঞ্জ - 83730 99964 | রায়গঞ্জ (গ্র্যান্ড) - 83730 99906 | ইসলামপুর - 83730 99965 | শিলিগুড়ি - 83730 99952 | মালবাজার - 83730 99904 | জলপাইগুড়ি - 83730 99922 | ধুপগুড়ি - 83730 99960 | ফালাকাটা - 83730 99985 | আলিপুরদুয়ার - 83730 99943 | মাথাভাঙ্গা - 83730 99959

ধৃত মহিলা মাদক কারবারি

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : বিয়ের পর বাড়িতে নতুন বৌ আসার কয়েক মাস পর থেকেই উন্নতি শুরু। এনিয়ে প্রতিবেশীদের মধ্যে গুঞ্জন ছিল। তাই বলে বাড়ির বৌ মাদক কারবারি। মঙ্গলবার ওই বাড়িতে হঠাৎই হানা দেয় মাটিগাড়া থানার পুলিশ। তারপরই সব স্পষ্ট হয়ে যায়। স্থানীয় মফিজুল আহমেদ বলেন, ‘ওই মহিলা খুব একটা বেশি সাকলের সঙ্গে কথা বলত না। শুনতাম, ওর বাপের বাড়ির অনেক টাকা রয়েছে। শেষটা যে এমন হবে, সেটা ভাবতে পারিনি।’ পুলিশ জানিয়েছে, দীর্ঘক্ষণ তদাশির পর খাটের তোখক সরাতেই একটি বিশেষ চেনারের হুদিস পাওয়া যায়। সেখান থেকে সবমিলিয়ে ১০৩ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। পাওয়া যায় পাঁচ লক্ষ তিরিশ হাজার চারশো টাকা। এরপরই গ্রেপ্তার করা হয় বিশ্বাস কলোনি এলাকার গৃহবধু নাজিরা খাতুনকে। তাঁকে বুধবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়ে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

বিষয়টি নিয়ে মাটিগাড়া থানার আইসি অরিন্দম ভট্টাচার্য বলেন, ‘বিভিন্ন সূত্র মারফত খবর পেয়ে অভিযান চালানো হয়েছে। ঘটনার তদন্ত করা হচ্ছে।’

মাদকের হাব হিসেবেই পরিচিত শহরের অদূরে থাকা বিশ্বাস কলোনি। পুলিশের অনুমান, বিশ্বাস কলোনিতে বিয়ে হয়ে আসার পর এলাকার অন্য মাদক কারবারিদের সঙ্গে কোনওভাবে পরিচিত হয় নাজিরা। প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে, বিগত কয়েক মাসে বাড়িতে নিরাপত্তাক্ষের সূত্রে ওই তরুণীর সঙ্গে বেশ কয়েকজনের পরিচিতি হয়। এমনকি মালদা থেকে মাদক নিয়ে এসে ওই বাড়ি থেকে শহর ও শহর সংলগ্ন এলাকায় সেটি ছড়িয়ে দেওয়া হচ্ছিল বলে জানতে পেরেছেন তদন্তকারীরা।

জমি বিবাদে ধৃত ৫

ফাঁসিদেওয়া, ২৪ ডিসেম্বর : জমি নিয়ে বিবাদের ঘটনায় দু’পক্ষের ৫ জনকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃত মুচিয়া মুন্ডা, ডোয়ে মুন্ডা, রমেশ মুন্ডা, মোহন মুন্ডা, মহম্মদ বিক্রম ফাঁসিদেওয়া রকের জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের বরমকলালজ্ঞাতের বাসিন্দা। মঙ্গলবার ওই এলাকার জমি নিয়ে বিবাদ বাধে। ঘটনায় জখম হন একজন। বুধবার দু’পক্ষই লিখিত অভিযোগ দায়ের করে ফাঁসিদেওয়া থানায়। তদন্তে নেমে পুলিশ অভিযুক্তদের গ্রেপ্তার করেছে।

হাতির আছাড়ে ফের মৃত্যু

কালচিনি, ২৪ ডিসেম্বর : সংরক্ষিত জঙ্গলে জ্বালানি কাঠ ও ঘাস সংগ্রহ করতে গিয়ে হাতির হানায় মৃত্যু হল এক বৃদ্ধার। শুক্র খাড়িয়া নামে বহুর বাটের ওই বৃদ্ধাকে মাটিতে আছাড় মারে হাতিটি। সেখান থেকে পালিয়ে বাঁচেন দুই মহিলা। তবে সংরক্ষিত জঙ্গলে ঢোকাই ওই বৃদ্ধার পরিবার কোনও ক্ষতিপূরণ পাবে না বলে জানিয়েছে বন দপ্তর। যদিও স্থানীয়দের একাংশ দাবি করছেন, চা বাগান ও জঙ্গলের সীমানা দিয়ে যাওয়ার সময় জঙ্গল থেকে হাতি বের হয়ে বৃদ্ধাকে শুঁড়ে পেঁচিয়ে জঙ্গলে টেনে নিয়ে গিয়েছে। তবে বন দপ্তরের তরফে সেই দাবি নস্যাৎ করা হয়েছে। এদিনের ঘটনার পর এক বছর আগে একইদিনে জলাদাপাড়ার জঙ্গলে জ্বালানি কাঠ সংগ্রহ করতে গিয়ে তিনজন মেন্দাবাড়ি গ্রামের বাসিন্দা তিন মহিলায় মৃত্যুর ঘটনার স্মৃতি ফের স্থানীয়দের আলোচনায় ফিরে এসেছে।

জালানি কাঠ সংগ্রহ করতে বুধবার সকালে দুই প্রতিবেশী মহিলার সঙ্গে বক্সা ব্যাঘ্র-প্রকল্পের



গুরু গোবিন্দ সিংয়ের জন্মদিন উপলক্ষে শিখ ধর্মাবলম্বীদের শোভাযাত্রা। বুধবার শিলিগুড়িতে। ছবি : সূত্রধর

খড়িবাড়ির ছায়া শিলিগুড়িতে বিকালে অপহরণ, রাতে উদ্ধার

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : খড়িবাড়ির ছায়া শিলিগুড়িতে। ব্যবসার কাজে শিলিগুড়িতে আসা সিকিমের বাসিন্দা যোগেশ ছেত্রীকে পায়ের মোড় থেকে অপহরণের অভিযোগে ওঠে মঙ্গলবার বিকালে। সন্ধ্যা যোগেশের মোবাইল থেকে ফোন করে তাঁর পরিবারের কাছে মুক্তিপণ হিসাবে ৫০ হাজার টাকা চাওয়া হয় বলে অভিযোগ। রাতেই পুরো বিষয়টি নিয়ে ভক্তিনগর থানায় অভিযোগ জানান যোগেশের পরিবারের সদস্যরা। এরপরেই আশ্চর্যজনকভাবে অক্ষত অবস্থায় ফোনস মোড় থেকে উদ্ধার করা হয় যোগেশকে। যদিও প্রশ্ন উঠছে, আদৌ অপহরণের ঘটনা ঘটেছিল? নাকি এর পিছনে অন্য কোনও যড়যন্ত্র রয়েছে।

বিষয়টি নিয়ে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের কোনও আধিকারিক মুখ খুলতে চাননি। এদিকে, অপহরণ হওয়া যোগেশও পুরো বিষয়টি নিয়ে কোনও কথা বলতে চাননি। তিনি শুধু জানিয়েছেন, যা বলার পুলিশকে জানিয়েছি। কিন্তু কীভাবে অপহরণ হলেন যোগেশ? পুলিশ সূত্রে খবর, মঙ্গলবার বিকালে সেবক রোড থেকে দুই তরুণ যোগেশকে বাইকে উঠিয়ে

অপহরণ করেছিল। সন্ধ্যা যোগেশের মোবাইল থেকে তাঁর পরিবারের কাছে একটি ফোন যায়। যোগেশের দানা দিলকুমার ছেত্রীর

- রহস্য থাকছে
- মঙ্গলবার বিকালে ব্যবসার কাজে শিলিগুড়িতে এসে অপহরণ হন সিকিমের বাসিন্দা যোগেশ ছেত্রী
 - সন্ধ্যায় ফোন করে যোগেশের পরিবারের কাছে মুক্তিপণ হিসাবে ৫০ হাজার টাকা চাওয়া হয়
 - আশ্চর্যজনকভাবে ওইদিন রাতেই অক্ষত অবস্থায় ফোনস মোড় থেকে উদ্ধার করা হয় যোগেশকে
 - পুরো ঘটনায় রহস্য দানা বেঁধেছে

অভিযোগ, ‘ফোনে বলা হয় ভাইকে অপহরণ করা হয়েছে। ছাড়ার জন্য পঞ্চাশ হাজার টাকা লাগবে। এমনকি পুলিশ যাতে বিষয়টি না জানতে পারে সেবিষয়েও সতর্ক করা হয়।’

এদিকে, অভিযোগ পাওয়ার পরই যোগেশের মোবাইল নম্বর ট্র্যাক করে পুলিশ। মঙ্গলবার গভীর রাতে মোবাইল ট্র্যাকিংয়ের সূত্র ধরে ভেনাস মোড়ে পৌঁছাতেই দেখা যায়, ওই তরুণ সেখানে দাঁড়িয়ে রয়েছেন। পুলিশকে যোগেশ জানান, দুজন বাইকে করে তাঁকে অপহরণ করেছিল। এমনকি চোখ বেঁধে দেওয়া হয়েছিল। অপহরণকারীরা রাতে ভেনাস মোড়ে নামিয়ে দিয়ে যায়। যদিও যোগেশের এই যুক্তি নিয়ে পুলিশের মধ্যেও নানা প্রশ্ন রয়েছে। বিকালবেলা বাইকে করে এক তরুণকে চোখ বেঁধে কীভাবে জনবহুল এলাকা থেকে অপহরণ করা হল? তাছাড়া যোগেশ যখন বুঝলেন তাঁকে তুলে নিয়ে যাওয়া হচ্ছে কেন তখন চ্যাটমেচি করলেন না? পুরো বিষয়টি নিয়ে পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, ঘটনার তদন্ত চলছে। যোগেশকে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তিনি পরিবারের সঙ্গে সিকিমে ফিরে গিয়েছেন। তাছাড়া অপহরণ কাণ্ডে কোনও জড়িত সেই বিষয়টি জানতে ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ জানিয়েছে।

অগ্নির জন্য রক্ষা বামনহাট প্যাসেঞ্জারের প্যাটোগ্রাফ ভেঙে বিপত্তি

দিনহাটা, ২৪ ডিসেম্বর : দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল বামনহাট-আলিপুরদুয়ারগামী প্যাসেঞ্জার ট্রেন। চলন্ত ট্রেনের বৈদ্যুতিক ইঞ্জিনের প্যাটোগ্রাফ ভেঙে ওভারহেড তারের সঙ্গে জড়িয়ে যাওয়ার মুহূর্তে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়ে ট্রেনটি। বুধবার বিকেল ৪টা ১০ নাগাদ দিনহাটা-১ রকের পুটিমারি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মাশানকুড়া এলাকায় এই যান্ত্রিক বিপত্তি ঘটে।

রেল সূত্রে খবর, বুধবার দুপুর ৩টে ১৫ মিনিটে ট্রেনটি বামনহাট স্টেশন থেকে আলিপুরদুয়ার জংশনের উদ্দেশ্যে রওনা দেয়। বিকেল ৪টা ১০ নাগাদ মাশানকুড়া এলাকা পার হওয়ার সময় হঠাৎ বিকট শব্দে ট্রেনের ছাদের প্যাটোগ্রাফ ভেঙে যায়। যাত্রীদের কথায়, বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলেও গতির কারণে ট্রেনটি ওই অবস্থাতেই প্রায় আধ কিলোমিটার এগিয়ে গিয়ে থমকে দাঁড়ায়। ট্রেনের ভেতরে যাত্রীদের মধ্যে উত্তেজিত পড়ে যায়। উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিলকিশোর শর্মা কথায়, ‘এদিন বামনহাট-আলিপুরদুয়ার জংশনগামী প্যাসেঞ্জার ট্রেনের ইঞ্জিনের ওপরে থাকা প্যাটোগ্রাফটি খুলে যায়। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, হঠাৎ



খুলে পড়া প্যাটোগ্রাফ। দিনহাটার পুটিমারির কাছে। বুধবার।

ভোল্টেজ বেশি হওয়ার কারণে এরকম ঘটনা ঘটতে পারে। তবে অন্য কোনও কারণ আছে কি না, তা তদন্ত করা দেখা হচ্ছে। পাশাপাশি তা সারানোর কাজও চলছে।’ যদিও এটা বড় দুর্ঘটনা নয় বলেই তিনি জানান। ট্রেনে থাকা যাত্রীরা এদিনের ঘটনায় রীতিমতো দিশেহারা হয়ে পড়েন। দিনহাটা স্টেশন থেকে ট্রেনে উঠেছিলেন সঞ্জয় দে সরকার। তাঁর কথায়, ‘আলিপুরদুয়ার যাব বলে উঠেছিলাম। এদিন মাশানকুড়া এলাকায় আসতেই হঠাৎ বিকট আওয়াজ শুনতে পাই। সঙ্গে সঙ্গে ট্রেনের সমস্ত আলো নিভে যায়। ইঞ্জিনও বন্ধ হয়ে যায়। বুঝতে পারি

রুমি মজুমদারের কথায়, ‘যেভাবে বিদ্যুৎবিচ্ছিন্ন অবস্থায় ট্রেনটি এগিয়ে যাচ্ছিল তাতে যে কোনও মুহূর্তে বড় কিছু হতে পারত। অগ্নির জন্য সকলেই এদিন রক্ষা পেয়েছি। তবে মাঝপথে ট্রেন থেমে যাওয়ায় বিপাকে পড়তে হয়। শেষমেশ বাসে করেই গন্তব্যে রওনা দিতে হয়।’

শিলিগুড়ি জংশন থেকে দুপুর ১.৩০ নাগাদ বামনহাটে আসে ইন্টারসিটি এক্সপ্রেস। এরপর দুপুর ৩.১৫ মিনিটে ওই ট্রেনটিই প্যাসেঞ্জার ট্রেন হিসাবে বামনহাট থেকে আলিপুরদুয়ার জংশন পর্যন্ত যায়। এর আগে উত্তরবঙ্গ এক্সপ্রেসে একটি বিশেষ চেনারের হুদিস পাওয়া যায়। সেখান থেকে সবমিলিয়ে ১০৩ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। পাওয়া যায় পাঁচ লক্ষ তিরিশ হাজার চারশো টাকা। এরপরই গ্রেপ্তার করা হয় বিশ্বাস কলোনি এলাকার গৃহবধু নাজিরা খাতুনকে। তাঁকে বুধবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়ে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

টোল আদায়ে চাপানউতোর

বাগডোগরা, ২৪ ডিসেম্বর : শিলিগুড়ি মহকুমা পরিবহন অনুমোদিত গেটে টোল আদায় নিয়ে ডাম্পার ও ট্রাক্টর মালিকদের সঙ্গে কর্তৃপক্ষের চাপানউতোর চরমে পৌঁছোয়। বুধবার পরিষেবা বন্ধ করে দেন গাড়ির মালিকরা। এর ফলে বালাসান নদী থেকে বালি-পাথরের সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে।

এদিন আঠারোখাইয়ের সাধন মোড়ে টোলগেটে উত্তেজনার সৃষ্টি হয়। গাড়ির মালিক এবং টোলার লিজ হোল্ডার, একে অপরের বিরুদ্ধে অভিযোগ করছেন। এদিন ডাম্পার এবং ট্রাক্টর মালিকরা সাধন মোড়ে জমা হন। তাঁরা অভিযোগ করেন, তাঁদের কাছে দ্বিগুণ টোল আদায় করা হচ্ছে। গাড়ির মালিক সুরজ সিংহ অভিযোগ করেন, ‘এতদিন ডাম্পার পিছু ১৫০ টাকা এবং ট্রাক্টর পিছু ১০০ টাকা টোল নেওয়া হত। হঠাৎ গতকাল থেকে দ্বিগুণ টোল দাবি করা হচ্ছে। আমরা এর প্রতিবাদ জানাই। টোলার লিজ হোল্ডার আমাদের কথা না শোনায় আমরা গাড়ি বন্ধ রেখেছি।’ মেঘদূত সিংহ নামে আরেক গাড়ির মালিক বলেন, ‘খালি গাড়ি নিয়ে যাওয়ার সময় টোল দিতে হবে। আবার পণ্য নিয়ে যাওয়ার সময়ও টোল দাবি করছে। এমনিতেই রাজস্ব অনেক বেড়েছে। দ্বিগুণ টোল আমরা দেন না।’

এদিকে, টোলার লিজ হোল্ডার বিজেঞ্জ কান্দুর বলেন, ‘নিম্ন মেনের টোল নেওয়া হচ্ছে। খালি বা ভর্তি গাড়ি যতবার যাতায়াত করবে, ততবার টোল দেওয়াই নিয়ম। গাড়ির মালিকরা এদিনে মহকুমা পরিষদে অভিযোগ করতে পারেন। কিন্তু ওঁরা কিছুতেই মানতে চাইছেন না। উলটে এসে আমাদের কর্মীদের গালাগাল করছেন।’

অবরোধ

ফাঁসিদেওয়া, ২৪ ডিসেম্বর : বাংলাদেশে দীপচন্দ্র দাসের খুনের প্রতিবাদ করতে গিয়ে কলকাতায় পুলিশের হাতে আক্রান্ত হয়েছিলেন বিক্ষোভকারীরা। তারই প্রতিবাদে বুধবার পথ অবরোধ করে বিক্ষোভ দেখান বিজেপি। এদিন ফাঁসিদেওয়া রকের লিউসিপাকড়ি বাজারে চটহাট-মেডিকেল মোড় রাজ্য সড়ক অবরোধ করেন বিজেপি নেতা-কর্মীরা। উপস্থিত ছিলেন ফাঁসিদেওয়ার বিধায়ক দুর্গা মুর্মু। প্রায় আধ ঘণ্টা এই বিক্ষোভ চলে। এর জেরে যান চলাচল ব্যাহত হয়।



নর্দমার জল উপচে রাস্তায়

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : কোথাও রাস্তার ওপর দিয়েই নর্দমার জল যাচ্ছে। কোথাও প্লাস্টিকের ক্যারিবাগ, গৃহস্থালির বর্জ্য নর্দমা প্রায় বজে গিয়েছে। এমনই অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি হয়েছে ফুলবাড়ি-১ গ্রাম পঞ্চায়েতের শ্রীনগর কলোনি এলাকায়। নর্দমার নোংরা জল পেরিয়ে যাতায়াত করতে গিয়ে চরম দুর্ভোগে পড়তে হচ্ছে এলাকার বাসিন্দাদের। এ নিয়ে ক্ষোভ জমেছে এলাকাবাসীর মধ্যে। যদিও সমস্যার কথা মেনে নিয়েছেন স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য।

বুধবার শ্রীনগর কলোনি এলাকায় গিয়ে দেখা যায়, নিকশি ব্যবস্থা কার্যত মুখ থুবড়ে পড়েছে। এলাকার বেশিরভাগ নর্দমার অস্বা্স্থ্য সেই জল পেরিয়েই যাতায়াত করতে হচ্ছে সকলকে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বিষয়টি একাধিকবার পঞ্চায়েতের নজরে আনা হলেও এখনও পর্যন্ত কোনও স্থায়ী সমাধান করা হয়নি। আগে মাঝেমাঝে নর্দমাগুলি পরিষ্কার

করা হত। কিন্তু মাস চারেক হয়ে গেল সেটাও হচ্ছে না। নর্দমা পরিষ্কার না হলে তো জল উপচে রাস্তায় আসবেই। এলাকার বাসিন্দা বিউটি সরকার বলেন, ‘আমরা দিনের পর দিন নরকযন্ত্রণা সহ্য করছি। কবে যে এলাকাবাসী এই যন্ত্রণা থেকে মুক্তি পাবেন, জানি না। জনপ্রতিনিধিরা শুধু আশ্বাস দেন। কিন্তু বাস্তবে কোনও কাজ হচ্ছে না। দীর্ঘ কয়েক বছর ধরে এলাকার মানুষজন এই সমস্যার মধ্যে রয়েছেন। কিন্তু কারও কোনও হেলদোল নেই। ড্রেনের নোংরা জল রাস্তার ওপর চলে আসছে। আর সেই জলের ওপর পা রেখেই আমাদের চলাচল করতে হচ্ছে। খুবই অস্বাস্থ্যকর পরিস্থিতি।’ এলাকার যে নিকশি ব্যবস্থা নিয়ে সমস্যা আছে, তা মেনে নিয়েছেন স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য বাসনা দাস মণ্ডল। তাঁর কথায়, ‘বিষয়টা আমার জানা আছে। আমি বোর্ড মিটিংয়েও বিষয়টা জানিয়েছি। কিছু কাজ খুব দ্রুত শুরু করা হবে। নিকশিনালার সমস্যা মিটে যাবে।’

বিজেপির সভা

চোপড়া, ২৪ ডিসেম্বর : মাঝিয়ারি গ্রাম পঞ্চায়েতের চুয়াগাড়ি এলাকায় বুধবার বিজেপি ২ নম্বর মণ্ডল কমিটির উদ্যোগে পরিবর্তন সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় নেতৃবৃন্দের অনেকেই সেখানে উপস্থিত ছিলেন। এসআইআর নিয়ে দলীয় বিশ্লেষণ-২ দের সভায় থাকার পরামর্শ দেওয়া হয়। সভামঞ্চ থেকে এলাকার দুঃস্থদের মধ্যে কঞ্চল বিলি করা হয়।

পঞ্জিকা বলতে একটাই নির্ভুল ও নির্ভরযোগ্য

শ্রীমদন গুপ্তের ফুল পঞ্জিকা

শ্রীমদন গুপ্তের ফুল পঞ্জিকা

ভারত সরকার প্রদত্ত চিহ্ন দেওয়া পঞ্জিকা কিনুন

ডিয়ার সাপ্তাহিক লটারির ১ কোটির বিজয়ী হলেন

দক্ষিণ ২৪ পরগণা-এর এক বাসিন্দা

পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগণা - এর একজন বাসিন্দা মোহাম্মদ তরফদার

আহত চিতাবাঘকে বাঁচাতে মরিয়া বনকর্মীরা

বাগডোগরা, ২৪ ডিসেম্বর : আহত দুটো চিতাবাঘকে বাঁচানোর আশ্রয় চেষ্টা করছেন বনকর্মীরা। গত শনিবার থেকে আহত একটি পূর্ণবয়স্ক মর্দা চিতাবাঘের চিকিৎসা চলছে কার্সিয়াং বন বিভাগের বামনপুখুরি রেঞ্জে। মঙ্গলবার রাত থেকে আরেকটি চিতাবাঘের চিকিৎসা চলছে ব্যাংডুবির তাইপুতে এলিফ্যান্ট স্কোয়াডে।



খাঁচাবন্দি চিতাবাঘ।

আটকে গিয়ে চামড়া ভেদ করে হড়ে ক্ষত হয়। পরিস্থিতি বিবেচনা করে বন বিভাগ চিতাবাঘটিকে বামনপুখুরি রেঞ্জে নিয়ে যায়।

সেখানে বেঙ্গল সাফারি থেকে পশু চিকিৎসক এনে বিশেষ খাটায় রেখে চিকিৎসা করা হচ্ছে। এদিকে, মঙ্গলবার রাতে বাগডোগরা চা বাগানের ১০ নম্বর সেকশনে নালার মধ্যে থেকে একটি প্রায় ১ বছর বয়সের মর্দা চিতাবাঘকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেন কিকিংস চলেছে ব্যাংডুবির তাইপুতে এলিফ্যান্ট স্কোয়াডে।

শীতে শুধু Moisturiser নয়, চাই বেশি কিছু

5 Oils Herbs

শুষ্ক ত্বকে পুষ্টি যোগায় রুক্ষতা দূর করে ১ মিনিটে ত্বকে মিশে যায়

Baldyanath OIL OIL HERBAL BODY OIL

www.baldyanath.com amazon Flipkart TATA



প্রতিবাদ

খসড়া ভোটার তালিকায় মৃত বলে উল্লেখ করার প্রতিবাদে শববাহী গাড়িতে উঠে পড়লেন উত্তরপাড়ার বাসিন্দা আশিস চক্রবর্তী। বিএলওর উদাসীনতার জেরেই এই ভুল বলে অভিযোগ।



বাড়বে ঠান্ডা

বড়দিনে উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে ধর্মাবিরোধে নীচে নামবে পারদ। কুয়াশার প্রভাবও বাড়বে কলকাতা সহ অন্যান্য জেলাগুলিতে, জানিয়েছে হাওয়া অফিস। বুধবার কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ১৪.৯ ডিগ্রি।



ইন্টারভিউ

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার ইন্টারভিউ শুরু হচ্ছে ৩০ ডিসেম্বর থেকে। প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে, ৩০ ও ৩১ ডিসেম্বর প্রথম ধাপের ইন্টারভিউ প্রক্রিয়া চলবে।



পরিদর্শনে ডিজি

২ থেকে ৫ জানুয়ারি মুসলিম ধর্ম সম্মেলন বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হতে চলেছে। বুধবার হুগলির ধনেখালির সেই সভাস্থল সরেজমিনে পরিদর্শন করলেন ডিজি রাজীব কুমার। উদ্যোক্তাদের সঙ্গে কথা বলেন।



সরবরাহ মধ্যে সাপ্তা...

বুধবার নদিয়ায়। ছবি-পিটিআই।

নারাজ হুমায়ুন ঘোষিত নতুন প্রার্থীও

কলকাতা, ২৪ ডিসেম্বর : বালিগঞ্জ কেন্দ্রের প্রার্থী হিসেবে নিশা চট্টোপাধ্যায়কে প্রত্যাহারের পর থেকেই বিতর্ক পিছু ছাড়ছে না ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীরের। দিন সাতকে সময় নিলেও ২৪ ঘণ্টার মধ্যে বুধবার বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের জন্য নতুন প্রার্থীর নাম ঘোষণা করে দেন তিনি। ঘোষণামাফিক সংখ্যালঘু মুখ হিসেবে ওই কেন্দ্রে প্রার্থী হিসেবে প্রাক্তন পুলিশ অধিকারিক আবুল হাসানদের নাম ঘোষণার পর বৈকে বসেন আবুল নিজেই। প্রার্থীর অভিযোগ, তিনি ভোটে লড়তে পারেনি। তাকে না জানিয়েই এই ঘোষণা করা হয়েছে। অন্যদিকে নিশা হুমায়ুনের বিরুদ্ধে মানহানির মামলা করার হুঁশিয়ারি দিয়েছেন।

হুমায়ুনের ঘনিষ্ঠ মহল সুদূর খবর, আবুল হুমায়ুনের দূর সম্পর্কের মামা। আবুলের দাবি, ‘হুমায়ুন আমার ভায়ে। আমার সঙ্গে যোগাযোগও করেছিল। কিন্তু আমি রাজনীতি বুঝি না। ও বলছে ভোটে দাঁড়াতেই হবে। আজ শুনলাম নামও নাকি ঘোষণা করে দিয়েছে। অথচ আমার সঙ্গে এই বিষয়ে কোনও কথাই হয়নি।’ মামা আবুলের এই কথার প্রতিক্রিয়ায় ভায়ে হুমায়ুন বলেন, ‘আমাদের মামা-ভাইয়ের ব্যাপার... মামাকে আমি আগামী বিধানসভা নির্বাচনে জিতিয়ে আনবই।’ মুন্সিবাাদের জেলা তৃণমূলের সভাপতি তথা কান্দির বিধায়ক অর্পণ সরকারের কটাক্ষ, ‘৭২ ঘণ্টায় এতবার হুমায়ুনের দল প্রার্থী বদল করছে। এখনও তো ভোটার অনেকে দেরি। হুমায়ুন আগে ১৩৫টি প্রার্থী জোগাড় করুক। তারপর ভোটে লড়ার কথা ভাবুন।’

ভরতপুরে তৃণমূলে রদবদল

কলকাতা, ২৪ ডিসেম্বর : সাসপেন্ডেড বিধায়ক হুমায়ুন কবীরের নতুন দল ঘোষণার ৭২ ঘণ্টার মধ্যেই পাশ্চাত্য ব্যবস্থা নিল তৃণমূল কেন্দ্রে। ভরতপুর বিধানসভা এলাকায় বড়সড় ডাঙর রুপতে তড়িৎগতি সাংগঠনিক রদবদল ঘটিয়ে ‘ড্যামেজ কন্ট্রোল’-এ নামল ঘাসফুল শিবির। বুধবার ভরতপুর ১ ও ২ ব্লকের মূল সংগঠন সহ যুব, মহিলা ও আইএনটিটিইউসি শাখায় অমূল পরিবর্তন আনা হয়েছে। রাজনৈতিক মহলের মতো, হুমায়ুন সংখ্যালঘু ভোটব্যাংকে খাবা বসাতে পারেন— এই আশঙ্কায় ভরতপুর ১ ব্লকের সভাপতি করা হয়েছে হুমায়ুন-বিরোধী হিসেবে পরিচিত নরেন্দ্র ইসলামকে (তারজান)। এখানে সহসভাপতি করা হয়েছে প্রিয়ব্রত ঘোষকে। পাশাপাশি, হুমায়ুনের একসময়ের ঘনিষ্ঠ মহম্মদ রানা ও নাজমা সুলতানাকে যথাক্রমে ব্লকের যুব ও মহিলা সভাপতির দায়িত্ব দিয়ে তাঁর মজিতে ফাটল ধরানোর কৌশল নিয়েছে দল। ভরতপুর ২ ব্লকের নতুন মুখ: সভাপতি মুস্তাফিজুর রহমান (সুমন), যুব সভাপতি কাজি নাজির হোসেন, মহিলা সভাপতি সহিবা লোহার মাজি। ভরতপুরের পেশাপাতি রানাখট সাংগঠনিক জেলাতেও রদবদল করেছে তৃণমূল।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের মন্তব্যকে কেন্দ্র করে মতুয়া সম্প্রদায়ের মধ্যে তৈরি হওয়া ক্ষোভকে হাতিয়ার করতেই তৃণমূলের এই পদক্ষেপ বলে মনে করা হচ্ছে। একদিকে হুমায়ুন ফাস্তুর, অন্যদিকে মতুয়া ক্ষোভ— এই দুই ফ্রন্ট সামলাতেই বছরের শেষে তড়িৎগতি এই রদবদলের পথে হটলেন তৃণমূল শীর্ষ নেতৃত্ব। যদিও দলের দাবি, এটি ব্রেক ‘ক্লিটন’ পরিবর্তন।

মেসি-কাণ্ডে স্পনসরদের তলব সিটের

কলকাতা, ২৪ ডিসেম্বর : যুবভারতী ক্রীড়াঙ্গনে বিশ্বজ্বলার ঘটনায় তদন্তে নতুন করে গতি আনল বিশেষ তদন্তকারী দল বা সিটি। অনুষ্ঠানে যুক্ত ৬টি বৈশি স্পনসরসংস্থাকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করা হয়েছে। চলতি সপ্তাহেই তাদের হাজিরা দিতে বলা হয়েছে। অনুষ্ঠানে আর্থিক কেলেঙ্কারির অভিযোগ উঠেছে। তাই আগেই অনলাইন টিকিট বিক্রির সংস্থার অধিকারিকদের ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। এবার স্পনসরদের মারফত প্রধান উদ্যোক্তা শতক্র দত্ত কত টাকা পেয়েছিলেন, কীভাবে তা লেনদেন হয়েছে তা জানতে স্পনসরসংস্থাগুলিকে নোটসি পাঠানো হল। পাশাপাশি শতক্রর তিনটি মোবাইলও বাজেয়াপ্ত করা হয়েছে।

সূত্রের খবর, অনলাইন টিকিট বিক্রি সংস্থার ভাইস প্রেসিডেন্টকে নোটসি পাঠিয়ে দিলি থেকে ডেকে জিজ্ঞাসাবাদ করেছিল সিটি। তাকে শতক্রর মুখোমুখি বসিয়ে একাধিক প্রশ্ন করা হয়। শতক্র দাবি করেছিলেন, অনলাইন টিকিট সংস্থার কাছ থেকে তিনি তখনও টাকা পাননি। ওই টাকা পেলে দর্শকদের টিকিটের টাকা ফেরতের ব্যবস্থা করা যাবে। যদিও তা অস্বীকার করেছেন সিটি প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে নবায়। তদন্ত এখনও চলছে।

তরফে টিকিটের টাকা ফেরত দেওয়ার জন্য আইনি সহায়তা নেওয়া হচ্ছে। প্রয়োজনে ভাইস প্রেসিডেন্টকে ডেকে আবারও জিজ্ঞাসাবাদ করা হতে পারে। অভিযোগ উঠেছে, সমগ্র অনুষ্ঠানটির আয়োজনে বিভিন্ন পদক্ষেপে আর্থিক দুর্নীতি হয়েছিল। ওই স্পনসর সংস্থাগুলির মাধ্যমে কত টাকা স্পনসরশিপ পেয়েছিলেন অনলাইন টিকিট বিক্রির সংস্থার অধিকারিকদের ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। এবার স্পনসরদের মারফত প্রধান উদ্যোক্তা শতক্র দত্ত কত টাকা পেয়েছিলেন, কীভাবে তা লেনদেন হয়েছে তা জানতে স্পনসরসংস্থাগুলিকে নোটসি পাঠানো হল। পাশাপাশি শতক্রর তিনটি মোবাইলও বাজেয়াপ্ত করা হয়েছে।

সূত্রের খবর, অনলাইন টিকিট বিক্রি সংস্থার ভাইস প্রেসিডেন্টকে নোটসি পাঠিয়ে দিলি থেকে ডেকে জিজ্ঞাসাবাদ করেছিল সিটি। তাকে শতক্রর মুখোমুখি বসিয়ে একাধিক প্রশ্ন করা হয়। শতক্র দাবি করেছিলেন, অনলাইন টিকিট সংস্থার কাছ থেকে তিনি তখনও টাকা পাননি। ওই টাকা পেলে দর্শকদের টিকিটের টাকা ফেরতের ব্যবস্থা করা যাবে। যদিও তা অস্বীকার করেছেন সিটি প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে নবায়। তদন্ত এখনও চলছে।

হিসাবে ব্যস্ত নবায়

কলকাতা, ২৪ ডিসেম্বর : ২০২৬-এর বিধানসভা নির্বাচনের পাখির চোখ করে এখন থেকেই প্রশাসনিক স্তরে যুটি সাজাতে শুরু করল নবায়। কেন্দ্রীয় বঙ্গবাসি অভিযোগ বনাম কেন্দ্রীয় প্রকল্পের টাকা খরচের বিষয়ে— এই রাজনৈতিক তত্ত্বের বিরোধীদের কড়া উক্তর দিতে এবার নিখুঁত পরিসংখ্যানের ওপর জোর দিচ্ছে রাজ্য সরকার।

মঙ্গলবার অর্থ দপ্তরের তরফে এক জরুরি সার্কুলারে স্বাস্থ্য, পঞ্চায়ত, বিদ্যুৎ ও পরিবহনের মতো গুরুত্বপূর্ণ দপ্তরগুলিকে প্রতিটি প্রকল্পের বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। চলতি মাসের ৩১ ডিসেম্বরের মধ্যেই এই রিপোর্ট হাতে পেতে চায় নবায়।

মঙ্গলবার অর্থ দপ্তরের তরফে এক জরুরি সার্কুলারে স্বাস্থ্য, পঞ্চায়ত, বিদ্যুৎ ও পরিবহনের মতো গুরুত্বপূর্ণ দপ্তরগুলিকে প্রতিটি প্রকল্পের বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। চলতি মাসের ৩১ ডিসেম্বরের মধ্যেই এই রিপোর্ট হাতে পেতে চায় নবায়।

শিল্পায়নে বহু সিদ্ধান্ত মন্ত্রীসভার স্বরূপ বিশ্বাস

কলকাতা, ২৪ ডিসেম্বর : সামনেই বিধানসভা নির্বাচন। তার আগে রাজ্যের শিল্প ও কর্মসংস্থানকে ত্বরুপের তাস করতে কোমর বেঁধে নামল মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। বুধবার মন্ত্রীসভার বৈঠকে মুখ্যমন্ত্রী শিল্পায়নের লক্ষ্যে একাধিক বড়সড় সিদ্ধান্তে সিলমোহর দিয়েছেন। বিরোধীদের ‘শিল্প নেই’ প্রচারের মোকাবিলায় এবার নবায়ের হাতিয়ার— বিদ্যুৎ প্রকল্প এবং ২০০ একরেরও বেশি জমি বন্টন। বিরোধীদের কটাক্ষের জবাব দিতে এবার ২০০ একরেরও বেশি জমি লায়কারীদের হাতে তুলে দিচ্ছে রাজ্য।

এদিনের বৈঠকে বিদ্যুৎ ও পরিকাঠামোয় বড় লগ্নির সিদ্ধান্ত গ্রহণের পর অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, রাজ্যে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে জেএসডব্লিউ এনার্জি লিমিটেডকে ১৬০০ মেগাওয়াট থার্মাল পাওয়ার প্ল্যান্ট তৈরির অনুমোদন দেওয়া হয়েছে। পিপিপি মডেলে ৮০০ মেগাওয়াট করে দুটি ইউনিট তৈরি হবে।

এর পাশাপাশি, নাহার ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজ ৫০০ কোটি টাকা বিনিয়োগ করে অ্যামাজন ও ক্লিপকার্টের মতো সংস্থার জন্য বিদ্যুত ওয়ার হাউস বা গুদাম তৈরি করবে। এর জন্য ১১.৩৫ একর জমি দিচ্ছে সরকার।

শিল্পায়নের নতুন মানচিত্রে রয়েছে, ১) জঙ্গলসুন্দরী কর্মনগরী: পুরুলিয়ায় এই মেগা প্রকল্পের জন্য ১১৫ একর জমির অনুমোদন মিলেছে। ২) জেমস অ্যান্ড জুয়েলারি পার্ক: হাওড়ার অঙ্গুরহাটিতে গয়না শিল্পের হাব তৈরির সিদ্ধান্ত হয়েছে। ৩) ইন্ডাস্ট্রিয়াল পার্ক: ঝড়পুর, পানাগড় ও হরিণখাটায় শিল্পতালুকের জন্য জমি বরাদ্দ হয়েছে। ৪) মিশে গেল মান্দার ডেয়ারি। রাজ্যের দুধ শিল্পায়ন ব্যবস্থাকে এক ছাতার তলায় আনতে বড় পদক্ষেপ নিল সরকার। এখন থেকে ‘মান্দার ডেয়ারি’র আর আলাদা অস্তিত্ব থাকছে না; এটি সম্পূর্ণভাবে ‘বাংলা ডেয়ারি’র সঙ্গে মিশে যাচ্ছে।



বাউলের এই মন্টারে...

শান্তিনিকেতনে পৌষমেলায়। ছবি-তথ্যাজ চক্রবর্তী।

শুভেন্দুর মন্তব্যে বিতর্ক

কলকাতা, ২৪ ডিসেম্বর : এবার তৃণমূলের সংখ্যালঘু ভোটে বিভাজনের চেষ্টায় শুভেন্দু। বুধবার সাগরে পরিবর্তন স্বেচ্ছা যাত্রায় অংশ নিয়ে সংখ্যালঘু ভোটে নিয়ে তাৎপর্যপূর্ণ মন্তব্য করেছেন বিরোধী দলনেতা। শুভেন্দুর সেই মন্তব্যকে বিধে ইতিমধ্যেই তৈরি হয়েছে বিতর্ক। শুভেন্দুকে পালটা শিনালা করেছেন আইএসএফ নেতা নৌশাদ সিদ্দিকী। যদিও মন্তব্য এড়িয়ে গিয়েছেন হুমায়ুন কবীর। এদিন শুভেন্দু বলেন, ‘ঠিক চার মাস পরে মমতা বন্দ্যোপাধ্যায় আর মুখ্যমন্ত্রী থাকবেন না, তৃণমূল আর থাকবে না। মুসলমানরা সব নৌশাদ আর হুমায়ুনের দিকে আর হিন্দু ও আদিবাসীরা সব মোদিজির দিকে। তোমার জালও যাবে, গামছাও যাবে। তৃণমূলের কোনও উপায় নেই।’

শুভেন্দুর এই মন্তব্যের কড়া সমালোচনা করে তৃণমূলের মুখপাত্র অরুণ চক্রবর্তী বলেন, ‘তার মানে উনি নিজেই স্বীকার করে নিলেন যে মুসলিম ভোট কাটার জন্য হুমায়ুন, নৌশাদকে রেখেছে বিজেপি। অর্থাৎ এরা হল বিজেপির বি টিম।’ পালটা আইএসএফ নেতা নৌশাদ সিদ্দিকী বলেন, ‘আইএসএফ আর হুমায়ুনকে এক বন্ধনীতে রাখা শুভেন্দু ও তৃণমূলের কৌশল হতে পারে। তবে আইএসএফ কোনও বি টিম নয়। আইএসএফ-এর দিকে যে মুসলিমরা আসছেন, সেটা আটকাতেই উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই কালি ছেটানো হচ্ছে।’

এসআইআরে ওবিসি শংসাপত্র

কমিশনকে দায়িত্ব কোর্টের

কলকাতা, ২৪ ডিসেম্বর : এসআইআরের নথি যাচাই প্রক্রিয়ায় বাতিল হওয়া ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য কি না, সেই বিষয়ে নির্বাচন কমিশনকে সিদ্ধান্ত নিতে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি কৃষ্ণ রাও এই বিষয়ে কমিশনকে ৭ দিনের মধ্যে সিদ্ধান্ত জানাতে বলেছেন। ২০১০ সালের মার্চ মাস থেকে ২০২৪ সালের মে মাস পর্যন্ত দাখিল হওয়া সমস্ত ওবিসি শংসাপত্র বাতিল করে দিয়েছিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপস্বিত চক্রবর্তী ও বিচারপতি রাজশেখর মাস্তুর ডিভিশন বেঞ্চ জানিয়ে দিয়েছিল, ২০১০ সালের পর থেকে দাখিল হওয়া সমস্ত ওবিসি শংসাপত্র বাতিল। কিন্তু তার পরেও এসআইআর প্রক্রিয়ায় ওই শংসাপত্র ব্যবহার করা হচ্ছে বলে সম্প্রতি আদালতে মামলা দায়ের হয়েছে। এই মামলায় এদিন বিচারপতি রাও সংশ্লিষ্ট নির্দেশটি দেন।

হাইকোর্টের প্রায় আগেই বাতিল হয়েছিল ৫ লক্ষ ওবিসি শংসাপত্র। যদিও ২০১০ সালের আগের পদ্ধতি ওবিসি শ্রেণিভুক্তদের শংসাপত্র বৈধ। কিন্তু আবেদনকারীর অভিযোগ, এসআইআরে গ্রহণযোগ্য নথির মধ্যে জাতিগত শংসাপত্রও রয়েছে। বাতিল হওয়া শংসাপত্র কীভাবে নাগরিকত্বের প্রমাণ হিসেবে ব্যবহার করা যায়, তা নিয়ে প্রশ্ন ওঠে।

জাতীয় নির্বাচন কমিশনকে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আবেদন জানান এক আইনজীবী। কিন্তু বিষয়টি নিয়ে এখনও সিদ্ধান্ত না হওয়ায় হাইকোর্টে মামলা দায়ের হয়। আবেদনকারীদের তরফে আইনজীবী বিশ্বদল ভট্টাচার্য বলেন, ‘নতুন ভোটারদের জন্য ওবিসি শংসাপত্র নেওয়া হচ্ছে। অন্য রাজ্যের মতো পশ্চিমবঙ্গের পরিস্থিতি এক নয়। ডিভিশন বেঞ্চ আগেই নির্দেশ দিয়েছিল।’

কলকাতা, ২৪ ডিসেম্বর : অশান্ত বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে এখনও পর্যন্ত প্রকাশ্যে কোনও মন্তব্য করেননি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু বুধবার বিধানসভার ক্রিসমাস ক্যারোল ও পুষ্প প্রদর্শনী অনুষ্ঠানে এক প্রশ্নের জবাবে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করলেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের।

বাংলাদেশের হিংসায় নিহত দীপু দাসকে নিয়ে ধর্মীয় মেরুকরণকে উসকে দিচ্ছে বিজেপি ও গেরায়া শিবির। এই বিষয়ে মুখ্যমন্ত্রীর নীরবতায় প্রশ্ন তুলেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এই আবেহে এদিন বিধানসভায় অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বাংলাদেশের পরিস্থিতি গভীর উদ্বেগের। আমাদের পূর্বসূরীরাও বাংলাদেশ থেকে উদ্ভাস্ত হয়ে এসেছিলেন। কিন্তু এখনও এটা চলতে চাা বিশ্বাস করা যায় না। বাংলাদেশ সরকারের উচিত এবিষয়ে অবশ্যই চিন্তাভাবনা করা। বাংলাদেশের ঘটনায় কেন্দ্রীয় সরকারের পদক্ষেপ করা উচিত।’

যাদবপুরে বিক্ষোভের মুখে রাজ্যপাল

কলকাতা, ২৪ ডিসেম্বর : দু’বছর পর আয়োজিত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত হয়ে বিক্ষোভের মুখে পড়লেন রাজ্যপাল তথা আচার্য সিভি আনন্দ বোস। বাম ছাত্র-যুব সংগঠন এসএফআই ও ডিএসও বিশ্ববিদ্যালয় চত্বরে বিক্ষোভ দেখিয়ে অভিযোগ জানায়, ইন্টারনাল কমপ্লেক্স কমিটি (আইসিসি)-র নির্বাচন দীর্ঘদিন বন্ধ থাকা, ক্লাসরুম ও ল্যাবের উদ্ভোজনক পরিস্থিতি, নিরাপত্তা ব্যবস্থার দুর্বলতা সহ একাধিক সমস্যায় রাজ্যপালকে পড়বার পাশে পান না। ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করতে রাজ্যপালের কাছে দাবি জানান তাঁরা।



বিক্ষোভরত পড়ুয়াদের সঙ্গে দেখা করেন রাজ্যপাল। তাঁর আশ্বাস, গুরুত্বের সঙ্গে প্রতিটি অভিযোগ খতিয়ে দেখা হবে। তিনি বলেন, ‘বাংলায় সবচেয়ে বড় দুটো সমস্যা হল, দুর্নীতি আর হিংসা। দুটোরই বিষয়, কলেজ ক্যাম্পাসও এর থেকে দূরে নয়। প্রতিবাদ করা ছাত্রদের গণ্যতান্ত্রিক অধিকার। নিরাপত্তা নিশ্চিত করতে ড্রেনের মাধ্যমে নজরদারি চালানো নিয়ে কথা চলছে, যাতে বহিরাগত কেউ ক্যাম্পাসে প্রবেশ করতে না পারে।’ একইসঙ্গে তিনি ঘোষণা করেন, আগামী বছরের সমাবর্তন থেকে লোকভবনের তরফেও পোস্ট গ্রাউন্ডেট, গ্রাউন্ডেট, চিটার, নন-চিটার ও আডমিনিস্ট্রেশন সহ মোট ৭টি ক্ষেত্রে পুরস্কার দেওয়া হবে। তবে নির্দিষ্ট কোন বিষয়ের ভিত্তিতে এই পুরস্কার দেওয়া হবে, তা চূড়ান্ত হয়নি বলেই রাজভবন সূত্র খবর। ছাত্রভোটে আরও বেশি এদিন রাজ্যপালকে ‘স্মারকলিপি দেন, আবেদনলিপি দেন। রাজ্যপালের প্রশাসন, যে কোনও সমস্যায় পড়বার লোকভবনে গিয়ে তাঁর সঙ্গে দেখা করতে পারেন। এবারের সমাবর্তনে বার্তা দেওয়া হয়নি।

কলকাতায় আসছেন শার

কলকাতা, ২৪ ডিসেম্বর : তিন দিনের রাজ্য সফরে ২৯ ডিসেম্বর রাতে কলকাতায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। পরের দিন ৩০ ও ৩১ ডিসেম্বর বিশেষ সাংগঠনিক বৈঠক করবেন তিনি। দলীয় নেতা-কর্মীদের অনেকেই মনে করছেন, রাজ্য অমিত শা-র সফরের আগেই রাজ্য কমিটির ঘোষণা হতে পারে। যদিও এ ব্যাপারে এখনও পর্যন্ত সরকারিভাবে কোনও বার্তা দেওয়া হয়নি।

রানাঘাটে প্রধানমন্ত্রীর প্রস্তাবিত শা শুধু বাতিলই হয়নি, মতুয়া বিতর্কে নতুন করে সমস্যা তৈরি করেছে। সেই কারণেই প্রধানমন্ত্রীর বাতিল জট ছাড়তে রাজ্যে আসছেন অমিত শা, এমনটাই দাবি বিজেপির একাংশের। যদিও বিজেপির এক ভাড়া নেতা বলেন, ‘অমিত শা-র এবারের সফর পুরোপুরি সাংগঠনিক।’



বড় রাস্তা হোক বা গলি, যানজটের সমস্যা রয়েছে সর্বত্রই। এই পরিস্থিতির মোকাবিলা করতে নতুন ট্রাফিক আউটপোস্ট তৈরি হচ্ছে। পাশাপাশি শহরের নিরাপত্তায় জোর দিচ্ছে প্রশাসন।

সিসিটিভি ক্যামেরায় মুড়বে শিলিগুড়ি

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : শিলিগুড়ি শহরকে সিসিটিভি ক্যামেরায় মুড়ে ফেলার পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি শহরের হেডিকুন্ডলোতে কিউআর কোড বসাতে চলেছে প্রশাসন। অবৈধ হোডিংয়ের রমরমা রূপতেই এই উদ্যোগ। বুধবার পিডরিউড-র ইনস্পেকশন বাংলাতে এ নিয়ে প্রশাসনিক বৈঠক হয়। বৈঠকে জেলা শাসক মণীশ মিশ্র, শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান দিলীপ দুগার, শিলিগুড়ির মেয়র গৌতম দেব, পুলিশ কমিশনার সি সুধাকর সহ অন্যান্য উপস্থিত ছিলেন। সেখানেই একাধিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন মেয়র। গৌতম দেব বলেন, ‘মহকুমা পরিষদ, পুরনিগম ও এসজেডিএ-র তরফে হোডিংগুলোর পরিস্থিতি দেখতে জয়েন্ট ইনস্পেকশন করা

হবে।’ এদিকে, শহরের যানজট সমস্যার সমাধানের জন্য মাল্টি স্টোরিড পার্কিংয়ের ব্যাপারেও এসজেডিএ এবং পুরনিগমের তরফে উদ্যোগ নেওয়া হয়েছে। সেক্ষেত্রে এদিনের বৈঠক শেষে এসজেডিএ চেয়ারম্যান দিলীপ দুগার, মেয়র গৌতম দেব ও ডেপুটি মেয়র রঞ্জন সরকার হার্স কর্তার যান।

এদিনের বৈঠকে সিসিটিভি ক্যামেরার ওপরেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। শিলিগুড়ি শহরে গত কয়েক মাসে একাধিক দুর্ঘটনামূলক কার্যকলাপ ঘটেছে। প্রতিটি ক্ষেত্রেই তদন্তে সিসিটিভি ক্যামেরা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। এই পরিস্থিতিতে হাই রেজোলিউশন সিসিটিভি-র পাশাপাশি বিভিন্ন পাড়ায় থাকা সিসিটিভি ক্যামেরাগুলোকেও পুলিশ নজরদারির আওতায় নিয়ে আসার সিদ্ধান্ত হয়েছে। মেয়র গৌতম দেব বলেন, ‘জানুয়ারির মধ্যে সেটার প্রাণিৎ তৈরি হয়ে যাবে। সিসিটিভি ক্যামেরায় নজরদারির জন্য একটা বড় কন্ট্রোল রুমও তৈরি করা হবে।’ এসজেডিএ চেয়ারম্যান দিলীপ দুগার বলেন, ‘অবৈধভাবে হোডিং যাতে কেউ লাগাতে না পারে, তার জন্য প্রতিটি বিধ হোডিংয়ের কিউআর কোড লাগিয়ে দেওয়া হবে।’

চোপড়া, ২৪ ডিসেম্বর : নামেই মডেল স্কুল। তাও সরকার পরিচালিত স্কুলে বিন্দুমাত্র পরিকাঠামো গড়ে ওঠেনি বলে অভিযোগ। পরিস্থিতি এমনই, শীতের মরশুমে কনকনে ঠাণ্ডায় মেঝেতে বসে ক্লাস করতে হচ্ছে পড়ুয়াদের। শুধু তাই নয়, চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল স্কুলে স্থায়ী শিক্ষকও নেই।

চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল ওই স্কুলে নবম ও দশম শ্রেণিতে পঠনপাঠনের অনুমতি মেলেনি এখনও। তাতে সমস্যা়ায় পড়েছে গ্রামীণ এলাকার পড়ুয়ারা। সেই সঙ্গে অভিযোগ, স্কুল চালু হওয়ার

যানজট ঠেকাতে দাওয়াই

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : যানজটের জেরে দমবন্ধকর পরিস্থিতি শিলিগুড়ি শহরের। এই পরিস্থিতিতে ট্রাফিক গার্ডগুলোকে বিভক্ত করে দশটি ট্রাফিক আউটপোস্ট তৈরির সিদ্ধান্ত নিয়েছে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ। এজন্য প্রধান সড়কের পাশাপাশি অলিগলি সহ যানজটপ্রবণ রাস্তাগুলোকে চিহ্নিতও করা হয়েছে। ইতিমধ্যেই ওই দশটি ট্রাফিক আউটপোস্ট তৈরির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি চলে এসেছে বলে জানিয়েছেন ডিসিপি (ট্রাফিক) কাজি সামসুদ্দিন আহমেদ। ‘প্রতিটি (ট্রাফিক) জানিয়েছেন, ‘প্রতিটি আউটপোস্টেই একজন করে ওসি থাকবেন। যানজটপূর্ণ রাস্তার বিষয়টিকে মাথায় রেখেই ট্রাফিক গার্ডগুলোকে একাধিক আউটপোস্ট ভাগ করে দেওয়া হয়েছে।’

শহরের থাকা ট্রাফিক গার্ডগুলোর মধ্যে সবচেয়ে বেশি ভাগ করা হয়েছে পানিচ্যাঙ্কি ট্রাফিক গার্ডকে। শহরের মধ্যে থাকা এই ট্রাফিক গার্ড হিলকার্ট রোড, বিধান রোড, সেবক রোডের কিছুটা অংশ থেকে শুরু করে সংলগ্ন অলিগলির রাস্তাগুলোর ট্রাফিক পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। এই ট্রাফিক গার্ডকে চারটে আউটপোস্টে ভাগ করা হয়েছে। এই আউটপোস্টগুলো মধ্যে গুরুত্বপূর্ণ হল, বিধান রোড আউটপোস্ট, রবীন্দ্রনগর আউটপোস্ট, হিলকার্ট রোড আউটপোস্ট। অন্যদিকে, ভক্তিনগর ট্রাফিক গার্ড ভেঙে ইতিমধ্যেই আশিঘর সাব-ট্রাফিক আউটপোস্ট তৈরি করা হয়েছিল। এবারে সেবক রোড ট্রাফিক আউটপোস্টও তৈরি করা হচ্ছে। অন্যদিকে, গোরা মোড়ও একটি



যানজটে জেরবার শিলিগুড়ি শহর। বুধবার। -সংবাদচিত্র

তিন বছর পরেও পরিকাঠামোই গড়ে ওঠেনি। এ নিয়ে স্কোড বাড়ছে অভিভাবক-অভিভাবিকাদের মধ্যে। উদ্বেগ চেষ্টে রাখেননি স্কুলের টিআইসি স্বপনকুমার সরকারকে। তবে সমস্যা মিটে যাবে বলে তিনি আশাবাদী।

২০২৩ সালে পাঁচজন অতিথি শিক্ষক নিয়ে পঠনপাঠন শুরু করা



মেঝেতে ক্লাস। চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল স্কুলে।

রানিনগরে তিরধনুক নিয়ে হাজির দুই পক্ষ, মোতায়েন র‍্যাফ তৃণমূলের কোন্দলে তপ্ত শিল্পতালুক

পূর্ণেন্দু সরকার

জলপাইগুড়ি, ২৪ ডিসেম্বর : ঠাণ্ডা পানীয় প্রস্তুতকারী বহুজাতিক কোম্পানির নির্মীয়মাণ শিল্প পরিকাঠামোয় শ্রমিকের কাজ নিয়ে তৃণমূলের গোষ্ঠী বিরোধে ফের উত্তেজনা ছড়াল রানিনগর শিল্পাঞ্চলে। পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়ে ওঠে যে, বুধবার পুলিশ ও র‍্যাফ মোতায়েন করে কারখানার নির্মাণকাজ করা হয়। কারখানায় কাজ বন্ধ করার পিছনে আইএনটিটিইউসি-র জলপাইগুড়ি সদর ব্লক ২ সভাপতি রাজু সাহানির দিকেই অভিযোগের আঙুল তুলেছেন নির্মীয়মাণ কারখানার বরাত পাওয়া ঠিকাদারি সংস্থার মানেজার। কারখানার নির্মাণকাজে যাতে কেউ বাধা দিতে না আসেন তার জন্য কারখানার বাইরে সকাল-সন্ধ্যা পাহারায় থাকছেন তৃণমূল নেতা কৃষ্ণ দাসের লোকজন। এনিয়ে বুধবার কারখানার সামনে উত্তেজনা ছড়ায়। খবর পেয়ে ঘটনাস্থলে র‍্যাফ পুলিশে খবর দিয়েছিল। বুধবার

চোপড়ায় দোকানে আগুন

চোপড়া, ২৪ ডিসেম্বর : মঙ্গলবার গভীর রাতে চোপড়ার মাস্টারপাড়া এলাকায় রাস্তার ধারে একটি হার্ডওয়্যার দোকানে অগ্নিসংযোগের অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়াল। টহলদায়ির সময় ওই রাস্তা দিয়ে যাওয়ার পথে বিষয়টি নজরে পড়ে পুলিশের। তাদের তৎপরতায় বেশি ক্ষতি হয়নি। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, মুন্ডার আলমের হার্ডওয়্যার দোকানে সেই আগুন লাগে। নজরে আসতেই পুলিশকর্মীরা আগুন নেভানোর কাজে হাত দেন। সংলগ্ন এলাকার সিসিটিভি ক্যামেরার ফুটেজে আগুন লাগার আগে সেদেহজনক এক ব্যক্তিকে দেখা গিয়েছে। তাই এই কাজ উদ্দেশ্যপ্রসূতিত বলে অভিযোগ উঠেছে। এত্যাপারে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন মুন্ডার।

অ্যাডভেঞ্চার ক্যাম্প

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : নর্থবেঙ্গল এক্সপ্লোরার্স ক্লাব প্রতিষ্ঠার স্বর্ণজয়ন্তী উপলক্ষ্যে ৪৩তম বাৎসরিক নেতার স্টাডি এবং অ্যাডভেঞ্চার ক্যাম্পের আয়োজন করা হয়েছে। এই ক্যাম্পে শিলিগুড়ির পাশাপাশি কালিম্পং এবং কলকাতা থেকেও অনেকে অংশগ্রহণ করেন। বুধবার সকালে শিলিগুড়ি কলেজ মাঠ থেকে ৫০ জন ক্যাম্পার এবং ২০ জন অফিশিয়াল, রিসোর্সপার্সন এবং ডাক্তার নিয়ে দলটি রওনা দেয় কালিম্পংয়ের নাজোকা গ্রামে। ২৪ থেকে ২৮ ডিসেম্বর পর্যন্ত এই ক্যাম্প চলবে।

মোষ, গোরু উদ্ধার

ফাঁসিদেশা, ২৪ ডিসেম্বর : পাচারের আগে উদ্ধার হল ৮-১টি মোষ ও ২-২টি গোরু। গোপন খবরের ভিত্তিতে মঙ্গলবার গভীর রাতে ২৭ নম্বর জাতীয় সড়কের মুরালীগঞ্জ চেকপোস্টের কাছে ২টি কনটেনার এবং একটি লরি আটক করে বিধাননগর তদন্তকেন্দ্রের পুলিশ।

রাজগঞ্জের ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ নাগরিক চাইছেন বিডিও’র সাজা হোক। রাজগঞ্জের ব্যবসায়ী সমিতির সভাপতি সঞ্জীব মোদক (রাজু) বলেন, ‘আমাদের প্রায় সমস্ত ব্যবসায়ী চাইছেন খুনের মতো একটি মারাত্মক অপরাধে

উত্তেজনা

■ ঠাণ্ডা পানীয় প্রস্তুতকারক বহুজাতিক সংস্থার গুদাম তৈরি নিয়ে বিরোধ

■ আইএনটিটিইউসির জলপাইগুড়ি সদর-২ ব্লকের সভাপতির বিরুদ্ধে কাজে বাগড়া দেওয়ার অভিযোগ

■ কারখানা কর্তৃপক্ষের পাশে কৃষ্ণ দাসের অনুগামীরা

■ তিরধনুক নিয়ে দু’পক্ষই কারখানার গেটে হাজির

■ পরিস্থিতি সামলাতে র‍্যাফ মোতায়েন

ফের বামেলা করার পুলিশ ডেকে কারখানার নির্মাণকাজ করছে।’ এদিকে কারখানার তৃণমূল শ্রমিক ইউনিয়ন ইউনিট সভাপতি প্রতিমা রায় বলেন, ‘আমরা তপন দে’র সঙ্গেই ছিলাম। কিন্তু রাজু

সাহানি আমাদের বাদ দিয়ে এখানে দাদাগিরি করতে আমরা কৃষ্ণ দাসের সঙ্গে চলে এসেছি।’ এদিন সকালে কারখানার ভেতর ঢুকে রাজুর ঘনিষ্ঠ কয়েকজন শ্রমিক কাজে বাধা দেন বলে অভিযোগ। খবর পেয়ে তৃণমূল নেতা কৃষ্ণ দাসের লোকজন তিরধনুক নিয়ে শিল্পাঞ্চলে হাজির হন। অপরদিকে রাজুর অনুগামীরাও তিরধনুক নিয়ে জড়ো হন। পরিস্থিতি যে কোনও মুহূর্তে উত্তপ্ত হয়ে উঠতে পারে বুঝে বিশাল বাহিনী নিয়ে কারখানার সামনে হাজির হন পুলিশকর্তারা। পুলিশ ঘটনাস্থলে আসতেই শাসকদলের দুই গোষ্ঠীই দূরে সরে যায়। কারখানা নির্মাণের কাজ সারাদিন চলার পর বিকালে শেষ হলে দুই গোষ্ঠী ফিরে যায়। পুলিশ ফিরে এলেও মাঝেমাঝেই ওই এলাকায় টহল দিচ্ছে।

তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কস ইউনিয়নের সহ সভাপতি যশী দে এদিন বলেন, ‘রানিনগর শিল্পাঞ্চলে আমরা তপন দে’র পাশেই ছিলাম। কিন্তু রাজু শিল্পাঞ্চলে এসে যা

ইচ্ছা তাই করছেন। শিল্পের পরিবেশ নষ্ট হচ্ছে। আমরা বাধা দিলেই মেরে ফেলার হুমকি দিচ্ছেন। আমরা চেষ্টা করছি নির্মীয়মাণ কারখানার কাজে বহিরাগতরা কেউ যেন বাধা দিতে না পারে।’

রাজুর পালাটা অভিযোগ, ‘কৃষ্ণর লোকজন রানিনগর শিল্পাঞ্চলে তোলাবাঁজি করত। আমি দায়িত্বে এসে সেইসব বন্ধ করে দিয়েছি বলে আমার বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ করা হচ্ছে।’ তাঁর চ্যালেঞ্জ, ‘রানিনগরে কৃষ্ণ দাসের ইউনিয়নকে দাঁত ফোটাতে দেব না।’

আইএনটিটিইউসি-র জেলা সভাপতি তপন দে বলেন, ‘রানিনগর শিল্পাঞ্চলে যাতে সৃষ্টভাবে শিল্পের কাজকর্ম চলতে পারে এবং স্থানীয় লোকজন বঞ্চ করে দিয়েছি বলে আমার বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ করা হচ্ছে।’ তাঁর চ্যালেঞ্জ, ‘রানিনগরে কৃষ্ণ দাসের ইউনিয়নকে দাঁত ফোটাতে দেব না।’

আইএনটিটিইউসি-র জেলা সভাপতি তপন দে বলেন, ‘রানিনগর শিল্পাঞ্চলে যাতে সৃষ্টভাবে শিল্পের কাজকর্ম চলতে পারে এবং স্থানীয় লোকজন বঞ্চ করে দিয়েছি বলে আমার বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ করা হচ্ছে।’ তাঁর চ্যালেঞ্জ, ‘রানিনগরে কৃষ্ণ দাসের ইউনিয়নকে দাঁত ফোটাতে দেব না।’

রাস্তার ওপরই টোটোর গ্যারাজ

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : রাস্তার ওপরেই টোটো মেরামত করা হচ্ছে। আর সেজন্য ভিআইপি রোডের বেশ কিছুটা জায়গা দখল করে সারি সারি টোটো দাঁড় করিয়ে রাখা আছে। কার্যত রাস্তার একটা অংশ টোটোর গ্যারাজে পরিণত হয়েছে। ওই এলাকার পাশ দিয়েই ছুটে চলেছে একের পর এক ট্রাক। এর ফলে সমস্যা়ায় পড়ছেন পথচারীরা। বাড়ছে দুর্ঘটনার আশঙ্কা। স্থানীয়দের অভিযোগ, এর ফলে যে কোণ্ড সময় দুর্ঘটনা ঘটতে পারে। এরবিষয়ে প্রশাসনের নজর দেওয়া দরকার বলেও দাবি স্থানীয়দের।

ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েতের ভবিশ মোড়ের পাশে একটি টোটোর গ্যারাজ আছে। ব্যস্ত এই রাস্তা দিয়ে অনেক গাড়ি যাতায়াত করে প্রতিদিন। একেই ভিআইপি রোডের বোহাল দশা, তার সঙ্গে এভাবে রাস্তা দখল করে টোটো মেরামত করা হচ্ছে। শুধু তাই নয়, রাস্তা দখল করে একের পর এক দোকান তৈরি হয়ে গিয়েছে। বিশেষ করে দিনের ব্যস্ত সময়ে বেশি সমস্যার মধ্যে পড়ছেন পথচারীরা। স্থানীয় ব্যবসায়ী সুকুমার রায় বলেন, ‘এই রাস্তা দিয়ে বড় বড় ট্রাক চলাচল করে। টোটোগুলি রাস্তার ওপর রাখার ফলে যাতায়াতে সমস্যা হয়। মাঝেমাঝে দুর্ঘটনাও ঘটছে।’

গ্যারাজ মালিকের সাফাই, মাঝেমাঝে কিছু টোটো রাস্তার উপর দাঁড়ায়। তবে তিনি সরিয়ে দেন। স্থানীয় বাসিন্দা রাহুল বর্মনের কথায়, ‘কখনো-কখনো টোটোগুলি রাস্তায় এমনভাবে দাঁড় করিয়ে রাখা থাকে, যার ফলে দুর্ঘটনা ঘটতে পারে। এমনকি আমিও একবার দুর্ঘটনার কবলে পড়েছিলাম।’

যদিও ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত প্রধান মিতালি মালিকার বলেন, ‘আমার এ নিয়ে কিছু জানা নেই। ওই রাস্তায় এমনকিও অনেক সমস্যা রয়েছে। আমি দোকানদারের সঙ্গে কথা বলব।’

অবৈধ নির্মাণে জেলা শাসককে নালিশ

বাগজোরা, ২৪ ডিসেম্বর : অবৈধভাবে দখল করে বহুতল নির্মাণের বিরুদ্ধে বাধা নিতে জেলা শাসককে চিঠি দিলেন মাটিগাড়া পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ভোলা ঘোষ। মাটিগাড়া হরসুন্দর হাইস্কুলের রাস্তা বন্ধ করে হোটেল নির্মাণ করার খবর উত্তরবঙ্গ সংবাদে প্রকাশ হতেই বুধবার জেলা শাসককে চিঠি দিয়ে ভোলা ঘোষ অভিযোগ করে লিখেছেন, স্কুলের পাশে অবৈধভাবে সরকারি জমিতে বহুতল হোটেল নির্মাণ করা হচ্ছে। অথচ কোনও অনুমতি নেওয়া হয়নি জাতীয় সড়ক কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কোনও দপ্তরে। যেখানে দেড়ে হাজারের বেশি ছাত্রছাত্রী রুকেছে, সেখানে যাতায়াতের পথ বন্ধ করে সরকারি জমিতে নিজেরের ইচ্ছেমতো বহুতল নির্মাণ করা হচ্ছে। এর তদন্ত হওয়া দরকার। ভোলা আরও লিখেছেন, যারা এই নির্মাণ করছেন তাঁরা বেপরোয়াভাবে করছেন।

মাটিগাড়া হরসুন্দর হাইস্কুলের আপস্কালাইন পরিষিহিতে ছাত্রছাত্রীদের নিরাপত্তা হারাতে পারে। জাতীয় সড়কের সঙ্গে স্কুলের রাস্তার সারি রাস্তা থাকা খুবই দরকার। অথচ সেই যাতায়াতের পথ বন্ধ করে দিয়ে একটি হোটেল কর্তৃপক্ষ রাস্তা তৈরি করছে। এর আগে মঙ্গলবার এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পথে নামে স্কুলের পড়ুয়া, শিক্ষক, অভিভাবকরা। স্কুলে বিক্ষোভও দেখানো হয়।

আঁধার পাঠশালা মনজুর আলম

চোপড়া, ২৪ ডিসেম্বর : নামেই মডেল স্কুল। তাও সরকার পরিচালিত স্কুলে বিন্দুমাত্র পরিকাঠামো গড়ে ওঠেনি বলে অভিযোগ। পরিস্থিতি এমনই, শীতের মরশুমে কনকনে ঠাণ্ডায় মেঝেতে বসে ক্লাস করতে হচ্ছে পড়ুয়াদের। শুধু তাই নয়, চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল স্কুলে স্থায়ী শিক্ষকও নেই।

চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল ওই স্কুলে নবম ও দশম শ্রেণিতে পঠনপাঠনের অনুমতি মেলেনি এখনও। তাতে সমস্যা়ায় পড়েছে গ্রামীণ এলাকার পড়ুয়ারা। সেই সঙ্গে অভিযোগ, স্কুল চালু হওয়ার

তিন বছর পরেও পরিকাঠামোই গড়ে ওঠেনি। এ নিয়ে স্কোড বাড়ছে অভিভাবক-অভিভাবিকাদের মধ্যে। উদ্বেগ চেষ্টে রাখেননি স্কুলের টিআইসি স্বপনকুমার সরকারকে। তবে সমস্যা মিটে যাবে বলে তিনি আশাবাদী।

২০২৩ সালে পাঁচজন অতিথি শিক্ষক নিয়ে পঠনপাঠন শুরু করা



মেঝেতে ক্লাস। চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল স্কুলে।

পাঠদানের অনুমোদন মিলবে। কিন্তু যতক্ষণ না পর্যন্ত অনুমোদন মিলছে একটা উদ্বেগ রয়েই যায়।’

শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, পঞ্চম ও ষষ্ঠ শ্রেণির বালক, ‘অনুমোদনের ব্যাপারে ইতিমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন পাঠানো হয়েছে। আশা করা যায় এবারেই নবম শ্রেণি পর্যন্ত

পাঠদানের অনুমতি মিলবে। কিন্তু যতক্ষণ না পর্যন্ত অনুমোদন মিলছে একটা উদ্বেগ রয়েই যায়।’

শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, পঞ্চম ও ষষ্ঠ শ্রেণির বালক, ‘অনুমোদনের ব্যাপারে ইতিমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন পাঠানো হয়েছে। আশা করা যায় এবারেই নবম শ্রেণি পর্যন্ত

মেঝেতে ক্লাস। চোপড়ায় ইংরেজিমাধ্যম মডেল স্কুলে।

পারভিন ও রুব্বা খাতুনের মতো অষ্টম শ্রেণির পড়ুয়াদের আশঙ্কা, ইংরেজিমাধ্যমে পড়াশোনার পর এখন এলাকার বাংলামাধ্যমে স্কুলে গেলে সমস্যার সম্মুখীন হতে হবে। স্থানীয় বাসিন্দা, তথা সেই স্কুলের এক পড়ুয়ার অভিভাবক আনওয়ারুল হক বলেন, ‘আমার তিন মেয়ে ওই স্কুলে পড়ে। বড় মেয়ে এবার নবম শ্রেণিতে উঠবে। ওর কাছে সমস্যার কথা শুনেছি। এলাকার কোনও সরকারি ইংরেজিমাধ্যম স্কুল নেই। আর বাইরে বেসরকারি ইংরেজিমাধ্যমে এখন পড়ানোর মতো সামর্থ্যও নেই।’

সেই স্কুলে সমস্যা রয়েছে আরও। সহ শিক্ষক অশোককুমার পাল বলছেন, ‘স্কুলে অল্প, ভূগোল ও বাংলা বিষয়ের শিক্ষক নেই। পরিকাঠামোগত সমস্যার ব্যাপারে প্রশাসন মহলে জানানো হয়েছে।’

অন্যদিকে, স্কুলে পর্যাপ্ত বেষ্ট না থাকার ফলেও পড়ুয়াদের সমস্যা হচ্ছে। গত বছর মহকুমা প্রশাসনের তৎপরতায় কয়েকটি বেষ্ট পাওয়া গিয়েছে। তবে পঞ্চম ও ষষ্ঠ শ্রেণির পড়ুয়াদের এখনও মেঝেতে বসেই পঠনপাঠন করতে হচ্ছে।

প্রত্যন্তগ্রামীণ এলাকায় পড়ুয়ারা যাতে ইংরেজিমাধ্যমে লেখাপড়া করার সুযোগ পায়, সেই লক্ষ্যে চোপড়া ব্লকে ২০১৮ সালেই ইন্ডোরেজিমাধ্যম তৈরির কাজ শুরু হয়। সেই কাজ শেষ হয় ২০২২ সালে। চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের কাঠালবাড়ি এলাকায় বাঁ চকচকে দোতলা স্কুল ভবন তৈরি করা হয়। এলাকায় সরকারি ইংরেজিমাধ্যম স্কুল চালু হওয়ায় তখন অনেকেই খুশি হয়েছিলেন। এখন সেই অভিভাবকদের মধ্যেই স্কুলের পরিকাঠামো নিয়ে স্কোড দেও দেখানো হয়।

ভিড়ে-সুরে-আলোয় উজ্জ্বল বড়দিন

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : ক্রিসমাস ইভে ঝলমলে শহরের রাস্তা। চার্চ থেকে শপিং মল, পার্কে পার্কে ভিড়। মঙ্গলবার থেকেই শহরে শুরু হয়ে গিয়েছে ক্রিসমাস কার্নিভাল। অনেক রেস্টোরাঁয় বুধবার রাতেই হয়েছে 'ক্রিসমাস নাইট'। গভীর রাতে পালিত হয়েছে বিশুপ্রিন্টের জন্মদিন। যুগের সঙ্গে পাল্লা দিয়ে শপিং মলগুলোও সেজেছে ক্রিসমাস মুড়ে। অনেকেই সেই থিমে পোশাক পরে বন্ধুদের সঙ্গে পার্টিতে মজেছেন। ক্রিসমাস উপলক্ষ্যে কোথাও যাতে কোনও অশ্রীতিকর ঘটনা না ঘটে সেজন্য কড়া পুলিশ নজরদারিও রয়েছে।

ডিসিপি ট্রাফিক কাজি সামসুদ্দিন আহমেদ বলেন, 'রাতে আমাদের মোবাইল পেটলিং থাকবে। এছাড়াও কোথাও যাতে যানজট না হয়, সেই বিষয়টিও দেখা হচ্ছে।' বড়দিন উপলক্ষ্যে এদিন খ্রিস্টান অ্যাসোসিয়েশনের তরফে মাটিগাড়াতে আয়োজিত ক্যারলে অন্য ধর্মের মানুষও অংশ নিয়েছেন। অ্যাসোসিয়েশনের রোভারেন্ড রাজ ইলিয়াজার বলেন, 'বড়দিন উপলক্ষ্যে আমরা সবসময় শান্তি ও সম্প্রীতির বাতাস দিয়ে থাকি।' রাতে নৌকাঘাটের হাউস অফ প্রেয়ার চার্চের তরফে র‍্যালিও করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন রাস্তায় ঘুরে ঘুরে ক্রিসমাস

ক্যারলের পাশাপাশি পথচলতি মানুষের হাতে কেক তুলে দেয়। এদিন রাতে চার্চগুলোতেও প্রার্থনা, ক্যারলের ব্যবস্থা করা হয়েছে। ক্রিসমাস উপলক্ষ্যে সেজে উঠেছে শিলিগুড়ি পার্ক ও সূর্য সেন পার্কও। বড়দিন উপলক্ষ্যে বুধবার সকাল থেকেই কেকের দোকানগুলোতে ক্রেতাদের দেখা যায়। প্রধাননগরের লেডি কুইন চার্চে এসে দীপালি কুজুর বলেন, 'বড়দিনের প্রার্থনা আমাদের কাছে খুব গুরুত্বপূর্ণ। বাড়ি সাজিয়ে তোলার পাশাপাশি যিশুর জন্য কেকও এনেছি।' এদিন শহরে বড়দিন ঘিরে সম্প্রীতির ছবি দেখা যায়।



ক্রিসমাস নাইট

মঙ্গলবার থেকেই শহরে শুরু হয়ে গিয়েছে ক্রিসমাস কার্নিভাল শহরের অনেক রেস্টোরাঁয় বুধবার রাতেই হয়েছে 'ক্রিসমাস নাইট' একইসঙ্গে গভীর রাতে উদযাপন করা হয়েছে বিশুপ্রিন্টের জন্মদিন বুধবার সকাল থেকেই কেকের দোকানগুলোতে ক্রেতাদের ভিড় দেখা যায় মাটিগাড়ার চার্চের ক্যারলে অন্য ধর্মের মানুষও অংশ নিয়েছেন



প্রধাননগরের চার্চে যিশুর জন্মমহত্বের কাল্পনিক দৃশ্য। হাসনি চকে সমবেত ক্যারল (ইনসেটে)। ছবি : সূত্রধর



পৌষমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে শিশুশিল্পীরা। ছবি : সূত্রধর

ফের দুর্ঘটনায় স্কুলবাস

সাগর বাগচী

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : দুর্ঘটনার কবলে এবার ইনসুরেন্স ফেল স্কুলবাস। বুধবার দুপুরে ফুলবাড়ির একটি বেসরকারি ইংরেজিমধ্যম স্কুলের বাসটি ব্রেক ফেল করে শহরের তিনবাগিচা মোড় এলাকার ট্রাফিক পয়েন্টের সামনে একটি চার চাকার গাড়িকে ধাক্কা মারো। সে সময় বাসে ২৫ জনের মতো পড়ুয়া ছিল। ঘটনায় কেউ সেভাবে আহত না হলেও, ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। আশপাশে থাকা লোকজন ছুটে আসেন। এলাকায় কর্মরত ট্রাফিক পুলিশকর্মীরা বাস থেকে পড়ুয়াদের নামান। পরে ওই স্কুলের অন্য একটি বাসে করে বাচ্চাদের বাড়ি পাঠানোর ব্যবস্থা করা হয়। কিন্তু কী করে ইনসুরেন্স ফেল একটি বাস এভাবে ছাত্রদের নিয়ে চলাচল করতে পারে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। শহরের বেসরকারি স্কুলবাস নিয়ন্ত্রণে গত ২ ডিসেম্বর শিলিগুড়ির ট্রাফিক পুলিশের কতরা স্কুলগুলিকে নিয়ে বৈক্য করেন। বৈক্যে সিদ্ধান্ত হয়েছিল, স্কুল ছুটির পর ছাত্রদের

শেষ ট্রিপে বাড়ি ছেড়ে দিয়ে ফেরার পথে বিভিন্ন ট্রাফিক গার্ডের তরফে সেই বাসের কাগজপত্র খতিয়ে দেখা হবে। ইতিমধ্যে সেই কর্মসূচি পুলিশের তরফে শুরু হয়েছে। বাসের কাগজপত্র ঠিক না থাকায় বেশ কয়েকটি বাসকে জরিমানা হঠাৎ দেখি বাসের ব্রেক লাগছে না। গতি কম থাকায় সামনের গাড়িতে ধাক্কা মেরে বাসটি থমকে যায়। আগে এই বাস চালিয়েছি, কিন্তু এমন সময় হয়নি। বাসের ইনসুরেন্স ফেল রয়েছে কি না জানা নেই।

দীনেশ ওরাও স্কুলবাসচালক

করা হয়েছে বলে খবর। এরই মাঝে এদিন ফের স্কুলবাসের দুর্ঘটনা সামনে এল। বিষয়টি নিয়ে শিলিগুড়ি কমিশনারেটের ডিসিপি (ট্রাফিক) কাজি সামসুদ্দিন আহমেদ বলেন, 'শহরজুড়ে বাসের কাগজপত্র খতিয়ে দেখা হচ্ছে। বাসগুলিতে নিরাপত্তার

বিষয়গুলি দেখা হচ্ছে। এদিনের দুর্ঘটনার বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে। এদিকে, এদিনের দুর্ঘটনার খবর পেয়ে এনজিপি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। ওই বাসের চালক দীনেশ ওরাওকে জিজ্ঞাসাবাদ করা হয়। বাসের চালক বলেন, 'হঠাৎ দেখি বাসের ব্রেক লাগছে না। গতি কম থাকায় সামনের গাড়িতে ধাক্কা মেরে বাসটি থমকে যায়। আগে এই বাস চালিয়েছি, কিন্তু এমন সময় হয়নি। বাসের ইনসুরেন্স ফেল রয়েছে কি না জানা নেই।' এর আগেও শহরের বিভিন্ন জায়গায় স্কুলবাস দুর্ঘটনার কবলে পড়েছে। শিলিগুড়ির বর্ধমান রোড, সেবক রোড, উড়ালপুল, ফুলবাড়ি সহ একাধিক এলাকায় ঘটে যাওয়া দুর্ঘটনা সামনে এসেছে। তিনবারতির ব্যবসায়ী পাপাই ঘোষ, বিশজিৎ সরকাররা মনে করেন, বাসটির গতি বেশি থাকলে বড় দুর্ঘটনা ঘটতে পারত। বাসের গতি নিয়ন্ত্রণে থাকায় বড় ক্ষতি হয়নি। এদিকে, এনজিপি থানার পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

পৌষমেলা শুরু

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : বুধবার থেকে শুরু হয়েছে ১৭তম উত্তরবঙ্গ পৌষমেলা। মেলা চলবে ৪ জানুয়ারি পর্যন্ত। মহাকালপন্নিতে পৌষমেলার মাঠে এই মেলা শুরু হয়েছে। এদিন কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের মেলা প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্যে দিয়ে মেলার সূচনা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌষমেলা কমিটির সাধারণ সম্পাদক জ্যোৎস্না আগরওয়াল, কার্যনিবাহী সভাপতি নিধুভূষণ দাস, কমিটির সম্পাদক শংকর হাজার প্রমুখ। মেলায় প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পৌষমেলা কমিটির সাধারণ সম্পাদক বলেন, 'উত্তরবঙ্গের শিল্পীদের মধ্যে জায়গা করে দেওয়াই আমাদের মূল উদ্দেশ্য।' মেলায় সরকারি স্কুল যেমন রয়েছে, তেমনি চার-পাঁচটি পিঠেপুলির স্কলও রয়েছে। বাচ্চাদের খেলার সামগ্রী ও ঘর সাজানোর জিনিসের দোকানও রয়েছে।

বিদ্যুৎ বন্ধ নিয়ে স্কোভ

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : ১৯ নম্বর ওয়ার্ডের হাতি মোড়ে ভূগর্ভস্থ বিদ্যুৎ সরবরাহের জন্য বসানো দুটি সার্ভিস জংশন বন্ধ নিয়ে স্কোভ তৈরি হয়েছে। স্থানীয় কাউন্সিলার মৌসুমি হাজারার অভিযোগে, সুভাষপল্লি মেইন রোডে হাতি মোড়ে নেতাজি মূর্তির ঠিক উল্টোদিকে রাস্তার ওপরেই পাশাপাশি দুটি লো টেনশন সার্ভিস জংশন বন্ধ বসানো হয়েছে। অত্যন্ত ব্যস্ততম রাস্তায় যে কোনও সময় গাড়ির ধাক্কায় ওই জংশন বন্ধ ভেঙে একটা দুর্ঘটনা ঘটতে পারে। দ্রুত ওই সার্ভিস জংশন বন্ধ সরিয়ে নেওয়ার জন্য এদিন বিদ্যুৎ বন্টন কোম্পানিকে লিখিতভাবে জানিয়েছেন কাউন্সিলার। বিদ্যুৎ বন্টন কোম্পানি পরিস্থিতি খতিয়ে দেখে দ্রুত পদক্ষেপের আশ্বাস দিয়েছে।

ইসলামপুর শহরে উৎসবের আমেজ

অরুণ ঝা

ইসলামপুর, ২৪ ডিসেম্বর : ইতিমধ্যেই শীত চালিয়ে খেলতে শুরু করেছে। প্রায়দিনই ধাপে ধাপে নামছে পারদ। এরই মধ্যে রাত পেরোলেই বড়দিন। তাপমাত্রা নামলেও একদিন আগে থেকেই বড়দিনে মজেছে ইসলামপুর শহর। মিশন রোডের ক্যাথোলিক চার্চে শেষ মুহূর্তে চরম ব্যস্ততা। শহর লাগোয়া খ্রিস্টান পাড়ায় কয়েকদিন আগে থেকেই চলছে প্রার্থনা। সঙ্গে গানবাজনাও। বুধবার মিশন রোডের চার্চে পৌঁছে দেখা গেল শেষ মুহূর্তের প্রস্তুতি তুঙ্গে। চার্চের অন্দরে আলোকসজ্জা থেকে প্রার্থনার সমস্ত ব্যবস্থা করা হয়েছে। চার্চের সামনের মাঠে এবারও এঁতিহাবাহী মেলার পনসা বসাতে ব্যস্ত ব্যবসায়ীরা। শীতল হাওয়ার আমেজে গির্জার আশপাশের সমস্ত এলাকায় শুরু হয়েছে জাঁকজমকপূর্ণ সাজসজ্জা। চার্চ কর্তৃপক্ষ জানিয়েছে, বড়দিনে ভিড়ের কথা মাথায় রেখে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে।

এদিকে বুধবার থেকেই বিভিন্ন চার্চে খ্রিস্টান ধর্মাবলম্বী মানুষ ছাড়াও অনেক সাধারণ মানুষ ভিড় জমাতে শুরু করেছেন। এদিন সন্ধ্যায় চার্চে এসেছিলেন নতুনপাড়ার বাসিন্দা দিলীপ ঘোষ। তাঁর কথায়, 'প্রায় আড়াই দশক ধরে বড়দিনের আগের দিন চার্চে প্রস্তুতি পর্ব দেখতে আসি। কেন আসি সেই অনুভূতি ভায়ায় প্রকাশ করতে পারব না।' ইসলামপুর ক্যাথোলিক চার্চের ফাদার সঞ্জিত কল্লু বলেন, 'ভক্তদের সুবিধার্থে একটি প্যাভেল তৈরি করা হচ্ছে। পাশাপাশি একটি পৃথক অস্থায়ী গির্জাও নির্মাণ করা হচ্ছে, যাতে সকলেই প্রার্থনাসভায় অংশ

নিতে পারেন। গত একমাস ধরে আমরা আধ্যাত্মিক প্রস্তুতি সম্পন্ন করেছি। বড়দিনে মেলায় কয়েক হাজার মানুষের ভিড় হয়। সবটাই সুসম্পন্ন করার জন্য প্রস্তুতি আমরা রেখেছি।' বড়দিনের মেলায় ১৫ থেকে ২০ হাজার দর্শনাধীরা ভিড় হয় বলে চার্চ কর্তৃপক্ষ জানিয়েছে। এদিকে শহরজুড়ে কেকের দোকানগুলিতে বাড়তে শুরু

করেছে ভিড়। অনেকেই বড়দিনের ছুটিতে পিকনিকেরও আয়োজন করে ফেলেছেন। হাসপাতালপাড়ার বাসিন্দা গোবিন্দ বৈদ্য বললেন, 'বাচ্চাদের স্কুল ছুটি। সঙ্গে বড়দিনের আমেজ। তাই পরিবার নিয়ে ঘুরতে যাচ্ছি। ছোট ভ্রমণ। তবে আনন্দে ঠাসা থাকবে আশা করি।' নতুনপাড়ার বাসিন্দা দিলীপ ঘোষ জানান, আত্মীয় এবং পরিবার নিয়ে বাড়িতেই



ইসলামপুর শহরে বড়দিনের আলোকসজ্জা। -সংবাদচিত্র

একটি পৃথক অস্থায়ী গির্জাও নির্মাণ করা হচ্ছে, যাতে সকলেই প্রার্থনাসভায় অংশ নিতে পারেন। বড়দিনে মেলায় কয়েক হাজার মানুষের ভিড় হয়। সবটাই সুসম্পন্ন করার জন্য প্রস্তুতি আমরা রেখেছি। ফাদার সঞ্জিত কল্লু ইসলামপুর ক্যাথোলিক চার্চ

পিকনিকের আয়োজন করেছেন তিনি। অন্যদিকে, এবছর শহরের ভিআইপি এলাকার নিউটাউন রোডে পুরসভা ও প্রশাসনের তরফে আলোকসজ্জা করা হয়েছে। বুধবার সন্ধ্যায় পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল ও মহকুমা শাসক অঙ্কিতা আগরওয়াল চার্চে শেষ মুহূর্তের প্রস্তুতি, কেকের দোকানে ভিড়, শহরে আলোকসজ্জা, সবমিলিয়ে বড়দিনের আগের রাতেই উৎসবের আমেজ ইসলামপুর শহরজুড়ে।



বেহালাবাদক বৃন্দাবন সাহা প্রয়াত

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : ৮২ বছর বয়সে প্রয়াত হলেন শিলিগুড়ি তথা উত্তরবঙ্গের বিশিষ্ট বেহালাবাদক বৃন্দাবন সাহা। বেশ কয়েকমাস ধরেই হাটের সমস্যায় ভুগছিলেন তিনি। সপ্তাহখানেক ধরে ভর্তি ছিলেন একটি বেসরকারি হাসপাতালে। চিকিৎসা চলাকালীন হাসপাতালেই মৃত্যু হয় তাঁর। বুধবার সম্পন্ন হয় শেষকৃত্য। প্রায় ৫০ বছর ধরে বেহালার সঙ্গে যুক্ত ছিলেন বৃন্দাবন সাহা। তাঁর হাত ধরেই তৈরি হয়েছে প্রচুর বেহালাবাদক। মিলনপিপ্পর বাসিন্দা বৃন্দাবন সাহার পরিবারের প্রায় ১১ জন সদস্য বেহালার সঙ্গেই যুক্ত রয়েছেন। বৃন্দাবন সাহার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে পরিবার ও তাঁর ছাত্রছাত্রীদের মধ্যে। শেষ বয়সেও প্রায় ৩০-৪০ জন ছাত্রছাত্রীকে বেহালা শেখাতেন তিনি।



পানীয় জল নিয়ে ভোগান্তি

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : পানীয় জল নিয়ে ফের ভোগান্তির শিকার ১০ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা। গত চার-পাঁচদিন ধরে ওয়ার্ডের দশরথপল্লির বাসিন্দারা পানীয় জল পাচ্ছেন না বলে অভিযোগ। স্থানীয়রা জানিয়েছেন, গত সাত-আট মাস ধরে মাঝেমধ্যেই পানীয় জল নিয়ে সমস্যা হচ্ছে। জল এলেও তা-ও সূতোর মতো পড়ে। ওয়ার্ড কাউন্সিলার কমল আগরওয়াল বলেন, 'বিষয়টি পুরনিগমের পানীয় জল সরবরাহ বিভাগকে জানানো হয়েছে। শুনেছি, পাইপলাইনে কোথায় সমস্যা হচ্ছে সেটা খুঁজে পাওয়া যাচ্ছে না।' তিনি ওই এলাকায় পানীয় জলের ট্যাক পাঠানোর ব্যবস্থা হচ্ছে বলে জানিয়েছেন। পানীয় জল সরবরাহ বিভাগের মেয়র পারিষদ দুলাল দত্ত দ্রুত সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন।



বড়দিনের মিষ্টি হাসি। বুধবার শিলিগুড়িতে সুশান্ত পালের তোলা ছবি।

নাট্যমেলায় মুখ সুমন

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : আগামী ২ জানুয়ারি থেকে দীনবন্ধু মঞ্চ শিলিগুড়ি নাট্যমেলা শুরু হতে চলেছে। চলবে ৭ জানুয়ারি পর্যন্ত। নাট্যমেলা উপলক্ষ্যে ১ জানুয়ারি শিলিগুড়ির বাঘা যতীন পার্ক থেকে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হবে। এবছরের নাট্যমেলার স্লোগান 'মৌলবাদের বিরুদ্ধে'। নাট্যপ্রেমী ও নাট্যকাররা বেন সারাবছর এই কটা দিনের অপেক্ষাতেই থাকেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নাট্যকার সুমন মুখোপাধ্যায়ের সম্মানে তাঁরই নির্দেশিত নাটক ২৩তম নাট্যমেলায় মঞ্চস্থ হতে চলেছে। প্রথম দিনে নাটকের গান পরিবেশিত হবে, এছাড়া প্রথম দিন রবীন্দ্রনাথের বিসর্জন অবলম্বনে 'দেবীপক্ষ' নাটক পরিবেশিত হবে। ৩ তারিখ মঞ্চস্থ হবে 'ভানু'। ৪ তারিখ মঞ্চস্থ হবে 'ভানু'। ৫ তারিখ 'তিনের তলোয়ার', ৬ তারিখ 'শূন্য শুধু শূন্য নয়' এবং 'জাগরণে যায় বিভাবরী', ৬ তারিখ 'আজকের

সাজহান' এবং ৭ তারিখ মঞ্চস্থ হবে 'মেকিস্টো'। এছাড়া প্রতিদিন সকালে দীনবন্ধু মঞ্চের বেসমেন্টে চলবে থিয়েটারের আড্ডা। বুধবার আসন্ন নাট্যমেলা নিয়ে শিলিগুড়ি জার্নালিস্টস ক্লাবে সাংবাদিক বৈঠক করেন নাট্যমেলার

নাট্যমেলায় এবার ২ থেকে ৭ জানুয়ারি পর্যন্ত ৭টি নাটক মঞ্চস্থ হবে। এর মধ্যে ৬টি নাটকই পরিচালনা করেছেন সুমন মুখোপাধ্যায়

প্রধান উপদেষ্টা অশোক ভট্টাচার্য, সভাপতি তপন চট্টোপাধ্যায়, যুগ্ম সম্পাদক পল্লব বসু, সহ সম্পাদক অরুণরতন রায় সহ অনার। অশোক বলেন, 'ভারত এবং বাংলাদেশে ধর্মীয় মৌলবাদের যে তৎপরতা

লক্ষ করা যাচ্ছে, তাতে দুই দেশেই আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। তবে একটা কথা স্পষ্ট, মৌলবাদের মূল আক্রমণ কেন্দ্রীভূত হয় সংস্কৃতির ওপর। ছায়ানট, উদ্দীটার ওপর আক্রমণ তারই প্রমাণ। তাই যেভাবেই হোক সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে হবে।' জেন জেড-কে দিয়ে নাটক হওয়া উচিত বলেও এদিন মন্তব্য করেন তিনি। যুগ্ম সম্পাদক পল্লব বসু বলেন, 'উৎপল দত্তের সহকারী পরিচালক হিসেবে একসময় কাজ করেছেন সুমন মুখোপাধ্যায়। রাজ্যে প্রথম মঞ্চে সুমন শিরোনামে এই নাট্যোৎসব হতে চলেছে। প্রতিবছরের মতো এবারও দুজনকে মঞ্চ থেকে সম্মান জানানো হবে। শিলিগুড়ি নাট্যমেলা ২০২৬-এর সম্মান পাচ্ছেন শহরের প্রবীণ নাট্যব্যক্তিত্ব শ্যামাপ্রসাদ মজুমদার এবং রত্না ভট্টাচার্য স্মৃতি সম্মান পাচ্ছেন শহরের বরীয়ান শিল্পী শাশ্বতী সেন।'





সৈনিক যখন জ্যান্ত ভালুক



সেনাবাহিনীতে কুকুর বা ঘোড়ার ব্যবহার নতুন নয়। কিন্তু ভালুক? দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় পোলিশ সেনাবাহিনীর ২২ নম্বর আর্টিলারি সাপ্লাই কোম্পানিতে সরকারিভাবে নথিভুক্ত এক সৈনিক ছিল ‘ভয়ংকেক’, যে আসলে ছিল এক বিশাল সিরিয়ান ব্রাউন বেয়ার।

ইরানে এক বাচ্চার কাছ থেকে পোলিশ সেনারা ভালুকছানাটিকে উদ্ধার করে। সে সৈন্যদের সঙ্গেই থাকত, তাদের সঙ্গে বিয়ার খেত এবং এমনকি জ্বলন্ত সিগারেট চিরিয়ে খেয়ে ফেলত। তবে সে শুধু ম্যাসকট ছিল না। ১৯৪৪ সালে ইতালির মন্টি ক্যাসিনোর যুদ্ধে ভয়ংকেক তার অমানবিক শক্তি দিয়ে কমানের গোলার ভারী বাজ্ঞগুলো এক জায়গা থেকে অন্য জায়গায় বয়ে নিয়ে গিয়ে সৈন্যদের সাহায্য করেছিল। তার সাহসিকতার জন্য তাকে ‘কপেরালি’ পদে প্রোমোশন দেওয়া হয়। যুদ্ধের পর সে স্কটল্যান্ডের চিডিয়াখানায় তার বাকি জীবন কাটায়। আজও পোল্যান্ডে এই বীর ভালুককে জাতীয় নায়কের মর্যাদা দেওয়া হয়।

পাঠোদ্ধার হয়নি যে বইয়ের



বিশ্বে এমন হাজার হাজার ভাষা আছে যা আমরা জানি। কিন্তু এমন একটি বই আছে, যার ভাষা, লিপি বা ছবি-কোনওটারই অর্থ গত ৬০০ বছরে কেউ উদ্ধার করতে পারেনি। বইটির নাম ‘ভয়নিচ ম্যান্যুস্ক্রিপ্ট’। ২৪০ পাতার এই হাতে লেখা বইটিতে অদ্ভুত সব গাছপালার ছবি আছে যা পৃথিবীতে দেখা যায় না। আরে নগ্ন নারীদের ছবি এবং জ্যোতির্বিদ্যার আজব নকশা। কিন্তু আল রহস্য হল এর ভাষা। বিশ্বের বাধা বাধা ক্রিস্টোগ্রাফার (সংকেত বিশেষজ্ঞ), এমনকি বিশ্বযুদ্ধের কোড ব্রেকাররাও এর পাঠোদ্ধার করতে ব্যর্থ হয়েছেন। কেউ বলেন এটি ভিনগ্রাইদের লেখা, কেউ বলেন এটি মধ্যযুগের কোনও অ্যালকেমিস্ট বা জাদুকরের গোপন ডায়েরি। আবার কারও মতে, এটি নিছকই ইতিহাসের সবচেয়ে বড় প্রাঞ্জ বা রসিকতা- যার আসলে কোনও অর্থই নেই। আমেরিকার ইয়েল

মাদকচক্র

প্রথম পাতার পর

নিজের পাবে দাঁড়িয়েই বেশ কয়েকজন তরুণকে সঙ্গে নিয়ে টাকার নোটে মুড়িয়ে কাউন্টারের সামনে রাখা পাত্র থেকে নাক দিয়ে ব্রাউন সুগার টানছেন ওই মালিক, আর বাকিরা তাঁকে উৎসাহ দিচ্ছে। শিলিগুড়ি পুলিশের কাছে এই ভিডিও পৌঁছানো সত্ত্বেও অভিশৃঙ্খলের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হয়নি।

সীমান্তে চরম হুমকি পদ্মের

প্রথম পাতার পর

দরকারে বাংলাদেশকে ভারতের সঙ্গে নিয়ে সেখানকার উগ্রপন্থীদের পাকিস্তানে তড়িয়ে দিক।’ সম্প্রতি বাংলাদেশে উত্তর-পূর্ব ভারতের সাত রাষ্ট্র দখল করার আশ্বাশ্বলন উঠেছে। সেই প্রসঙ্গে হরিণখাটার বিধায়কের কটাক্ষ, ‘কুঁজোরও চিত হয়ে শুতে ইচ্ছা হয়। ওদের আর বাড়াবাড়ি করতে দেওয়া উচিত নয় কেন্দ্রের।’ ফুলবাড়ির দিক্ষেপে নেতৃত্ব দেন তালিমা-ফুলবাড়ি বিজেপি বিধায়ক শিখা চট্টোপাধ্যায়। তিনি বাংলাদেশের হিন্দু নাগরিকদের জন্য সেদেশে আলাদা রাজ্য বা জেলার দাবি তোলেন। নতুন করে হিন্দু নিগ্রহ ঘটলে পরিশ্রম ভালো হবে না বলে হুঁশিয়ারি দেন। শিখা বলেন, ‘সীমান্ত দিয়ে বাংলাদেশের ব্যবসা বন্ধ করে দেবে। কোনও ট্রাক চলতে দেওয়া হবে না। বাংলাদেশের নাগরিকদের চিকিৎসা এদেশে বন্ধ করে দেবে।’

চিকিৎসা না করার দাবিতে ফুলবাড়িতে একটি নারিংহোমের বাইরে বিজেপি নেতা-কর্মীরা বিক্ষোভও দেখান। চাংরাবাধা সীমান্তে বিজেপির জলপাইগুড়ি জেলা কমিটির সাংগঠনিক সাধারণ সম্পাদক দধিরাম রায়ও হুংকার দিয়ে বলেন, ‘সেভেন সিস্টার চায় বাংলাদেশ। ওরা জানে না ভারত যেমন ওদের জন্ম দিয়েছে, তেমনই ওদের শেষও করে দিতে পারে।’ পেট্রাপোহেও ইউনুসের কুমারপুর পোড়ানো হয়। সেখানে বিজেপির বনগাঁ উত্তরের বিধায়ক অশোক কীর্তিনায়া বলেন, ‘ইউনুসের উদ্দেশ্যে বন্ধেও তাই, এখনই সংখ্যালঘু নিধন বন্ধ না হলে আপনার অবস্থা পাকিস্তানের মতো হবে।’ সচেতন হিন্দু সমাজের নেতা ভক্ত রায় বলেন, ‘যেসব ঘটনা বাংলাদেশে হচ্ছে, সেসবক পশ্চিমবঙ্গেও দেখতে পাচ্ছে।’ এখনই না শোধরাতে পারলে আমাদের হিন্দুদের অবস্থা শোচনীয় হয়ে পড়বে।’

বার্ষিক ক্রীড়া

চোপড়া, ২৪ ডিসেম্বর : চোপড়া নর্থ সার্কেলের অধীনে থাকা ১২৫টি স্কুল ও শিশুশিক্ষাকেন্দ্রের সার্কেল স্তরের খেলা অনুষ্ঠিত হয় বুধবার। মাঝিয়ালি হাইস্কুল মাঠে ৩৪টি ইভেন্টে খেলা হয়। চোপড়া ব্লকের দুটি সার্কেলের স্কুল পরিদর্শক বরুণ শিকদার ও ফারুক মণ্ডল উপস্থিত ছিলেন।

সুকনা-রংটংয়ে

প্রথম পাতার পর

পরিসংখ্যানে দেখা যাচ্ছে, দার্জিলিং হিমালয়ান রেলওয়ের অন্য ছোট রুটের তুলনায় সুকনা-রংটং রুটে চাহিদা সবচাইতে বেশি। অন্যদিকে, বিশ্ববিখ্যাত দার্জিলিং-ঝুম-দার্জিলিং জয়রাইডের চাহিদাও পালা দিয়ে বাড়ছে। পর্যটকদের এই বিপুল চাপের কথা মাথায় রেখে ডিএইচআর কর্তৃপক্ষ আপাতত বাড়তি ভিনটি জয়রাইড চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

ডিএইচআর ডিরেক্টর স্বঘট চৌধুরী বলছেন, ‘সুকনা থেকে রংটং রুটে চারটি ট্রেনের হিড়িক পড়েছে। পাশাপাশি জয়রাইডের চাহিদাও বেড়েছে। আমরা পরিস্থিতির ওপর নজর রাখছি এবং প্রয়োজন অনুযায়ী জয়রাইডের সংখ্যা আরও বাড়ানোর চেষ্টা করছি।’

বছরের এই শেষ দিনগুলিতে উত্তরবঙ্গের পাহাড়ে সবসময়ই উপচে পড়া ভিড় থাকে। বর্তমানে স্কুল-কলেজ সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ছুটি থাকায় সপরিবারে পাহাড় ভ্রমণে এসেছেন বহু মানুষ। আর পাহাড়ে আসা মানেই টয়ট্রেনে চেপে হিমালয়ের রূপ উপভোগ করা। এই চাহিদাকে কাজে লাগিয়ে আয় বাড়াতে ডিএইচআর কর্তৃপক্ষ ইতিমধ্যেই একাধিক সেগমেন্টে জয়রাইড শুরু করেছে। এর মধ্যে দার্জিলিং-কাসিয়াং এবং কাসিয়াং-তিনধারিয়া রুটে জয়রাইডগুলি পর্যটকদের মধ্যে জনপ্রিয়তা পেয়েছে।

রেলের তথ্য অনুযায়ী, ২৫ ডিসেম্বর থেকে ১ জানুয়ারি পর্যন্ত প্রায় ৮০ শতাংশ টিকিট অনলাইনে আগাম বুক হয়ে গিয়েছে। শুধু তাই নয়, এনজেলি থেকে দার্জিলিংগামী নিয়মিত ট্রেনের টিকিটের চাহিদাও এখন আকাশছোঁয়া। এরই মাঝে সুকনা থেকে রংটং বা ঝুম পর্যন্ত গোটা ট্রেন ভাড়া করার প্রবণতা নতুন করে নজর কাড়ছে।

কেন সুকনা-রংটং রুট এত প্রিয় হয়ে উঠেছে? পর্যটকদের মতে, এই পথে অল্প সময়ে পাহাড় ও জঙ্গলের এক অদ্ভুত মেলবন্ধন উপভোগ করা যায়। শিলিগুড়ির কাছে হওয়ায় সময়ও কম লাগে। সুকনা থেকে রংটং যাওয়ার পথে ঘন জঙ্গলের শীতল হওয়া যেমন গায়ে লাগে, তেমনই পথের দু’পাশে দেখা মেলে রকমারি পাখি। সব মিলিয়ে টয়ট্রেনের আসল স্বাদ নেওয়ার জন্য এই পথটিকেই সেরা বলে মনে করছেন পর্যটকরা।

তবে আমাদের খবরের পাশাপাশি কিছু চিন্তার বিষয়ও রয়েছে। ডিএইচআর সূত্রের খবর, পাহাড়ের এই হেরিটেজ ট্রেনের পরিকাঠামো উন্নয়ন ও কয়েকটি সিমি ইঞ্জিনের দ্রুত রেমোভ প্রয়োজন। বিশেষ করে কয়েকটি ইঞ্জিনের বয়লার অবিলম্বে বদলানোর দরকার হয়ে পড়েছে। এই সমস্তু বিষয় নিয়ে আলোচনার জন্য বর্তমানে দিল্লিতে রয়েছেন ডিএইচআর-এর ডিরেক্টর। রেলমন্ত্রকের পদস্থ কতৃদের সঙ্গে পরিকাঠামোগত উন্নয়ন ও সিমি ইঞ্জিনের আধুনিকীকরণ নিয়ে আলোচনা হচ্ছে।

চাকরি খারিজ আপাতত স্থগিত

ডিভিশন বেঞ্চের রায়ে সাময়িক স্থগিত পাহাড়ে

জলপাইগুড়ি ও শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : গোখাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ) এলাকায় ৩১৩ জন শিক্ষকের চাকরি বাতিলের সিদ্ধল বেঞ্চের রায়ের ওপর ১২ সপ্তাহের স্থগিতাদেশ দিল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। বুধবার হাইকোর্টে জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি বিশ্বনাথ চৌধুরীর ডিভিশন বেঞ্চ এই স্থগিতাদেশ দেয়। একইসঙ্গে পরবর্তী সার্কিট চালু হওয়ার পর চার সপ্তাহের মধ্যে মামলার অভিযোগকারী, রাজ্য সরকার, জিটিএ এবং ৩১৩ জনের শিক্ষক প্রতিনিধিকে হলফনামা জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে, এই নির্দেশের পর কিছুটা স্থগিত পাহাড়ের ৩১৩ জন শিক্ষক। পাহাড়ের গেরিবাস হাইস্কুলের শিক্ষিকা ডোলমা লামা বলেন, ‘আমাদের সকলের নিয়োগ হয়েছে সরকারি নিয়ম মেনেই। আমাদের নিয়ে একটা চক্রান্ত করা



জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চের বাইরে পাহাড়ের শিক্ষকরা। বুধবার।

হয়েছে। এদিনের আদালতের নির্দেশে আমরা সকলেই খুশি।

ডিভিশন বেঞ্চের রায়ে স্থগিত পাহাড়ের শাসকদল ভারতীয় গোষ্ঠে প্রজাতান্ত্রিক মোচাও (বিজিপিএম)। দলের সভাপতি তথা জিটিএর চিফ এগজিকিউটিভ অনীত থাপা বলেন, ‘আদালতের রায় আমাদের কাছে

বড়দিনের উপহার হিসাবে এসেছে। আমরা এই শিক্ষক-শিক্ষিকাদের পাশে সবসময় রয়েছি।’ পাহাড়ে ৩১৩ জন শিক্ষকের নিয়োগ প্রক্রিয়া অবৈধ বলে হাইকোর্টে মামলা দায়ের হয়। চলতি মাসের ১৭ তারিখ হাইকোর্টে বিচারপতি বিশ্বজিৎ বসুর বেঞ্চে সেই মামলার



বরফের চাদরে ঢেকেছে পাহাড়।।

চলছে রাস্তা পরিষ্কার। বুধবার অনলুনাগে। ছবি : পিটিআই

বাজেয়াপ্ত

খড়িবাড়ি, ২৪ ডিসেম্বর : বাংলা-বিহার সীমানার বাজ্জাভিটা এলাকায় নিষিদ্ধ কাফ সিরাপ সহ এক পাচারকারকে গ্রেপ্তার করেছে খড়িবাড়ি থানার পুলিশ। ধৃতের নাম রিতুকুমার সিংহ। তিনি বিহারের বাহাদুরগঞ্জের বাসিন্দা। বুধবার বিকেলে বাজ্জাভিটা এলাকায় ৩২৭ নম্বর জাতীয় সড়কে নাকা চেকিংয়ের সময় একটি বাইক আটক করে পুলিশ। চালকের কথাবাতায় অসংগতি থাকায় তাঁর সঙ্গে থাকা ব্যাগে তল্লাশি চালানো হয়। ব্যাগ থেকে ১৫০ বোতল নিষিদ্ধ কাফ সিরাপ বাজেয়াপ্ত হয়। ধৃতকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পারে, ওই কাফ সিরাপ বিহার থেকে নেপাল সীমান্তের পানিট্যান্ডিতে সরবরাহ করা হচ্ছে।

প্রতিবাদ

চোপড়া, ২৪ ডিসেম্বর : চোপড়া রক যুব কংগ্রেসের পক্ষ থেকে প্রতিবাদ সভার আয়োজন করা হয়। বুধবার দাসপাড়া গ্রাম পঞ্চায়তের উৎসাহগড় প্রাথমিক স্কুল প্রাঙ্গণে সেই সভা হয়। দলের ব্লক নেতৃত্বের অনেকে উপস্থিত ছিলেন। আয়োজকদের দাবি, এসআইআর ও গুয়াকফ নিয়ে সাধারণ মানুষকে হারানো হচ্ছে দ হচ্ছে।

পর্যটনের গাড়ি নিয়ে জট কাটল

প্রথম পাতার পর

ফলপ্রসূ বলে দাবি করেছেন। তাঁর কথায়, ‘১৬ জানুয়ারি আবার ট্রাফিক অ্যাডভাইজারি কমিটির বৈঠক হবে।’

পাহাড়ে সমতলের গাড়িকে দর্শনীয় স্থানগুলিতে যেতে না দেওয়ার দাবি জানিয়ে বেশ কিছুদিন ধরে সেখানে আন্দোলন হচ্ছে। মূলত সংযুক্ত চালক সংঘের ব্যানারে পাহাড়ে বেশ কিছু পরিবহণ সংগঠন এই আন্দোলন করেছে। অভিযোগ, এই সময়ের মধ্যে পাহাড়ে সমতলের একাধিক গাড়ি ভাঙচুর করা, চালককে হুমকি দেওয়ার শুরু হওয়ায় সমতলেও জয়েন্ট অ্যাকশন কমিটি তৈরি করে বিভিন্ন পর্যটন ও পরিবহণ সংগঠনগুলি পালাটা আন্দোলন ঘোষণা করেছিল। পাহাড়েই কোনও গাড়িকে শিলিগুড়ি থেকে পর্যটক তুলতে না দেওয়ার হুঁশিয়ারিও দেওয়া হয়।

পরিস্থিতি ক্রমশ উত্তপ্ত হওয়ায় বুধবার জিটিএ ট্রাফিক অ্যাডভাইজারি কমিটির বৈঠকে বসে। লালকুঠিতে আয়োজিত এই বৈঠকে জিটিএ, পুলিশ, আঞ্চলিক পরিবহন দপ্তরের আধিকারিকরা ছাড়াও কমিটির অন্য সদস্য এবং সংযুক্ত চালক সংঘের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সেই

বৈঠকে সংযুক্ত চালক সংঘ পাহাড়ের দর্শনীয় স্থানগুলিতে সমতলের গাড়ি চলতে না দেওয়ার দাবি জানান। পাশাপাশি দার্জিলিংয়ের নিত্য যানজট সমস্যা মোটাতে দ্রুত পদক্ষেপও দাবি করেন। কিন্তু বৈঠকে প্রশাসনিক আধিকারিকরা স্পষ্ট জানিয়ে দেন, একই রাস্তার মধ্যে কোনও আইনেই এটা করা সম্ভব নয়। পাহাড় ও সমতলের সমস্তু গাড়িই সরকারকে কর দেয়। তাহলে কোন আইনে সমতলের গাড়ি আটকানো সম্ভব? এরপরেই পাহাড়ের যানজট সমস্যা নিয়ে ফের ১৬ জানুয়ারি বৈঠকে বসার সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠকে শেষে সংযুক্ত চালক সংঘের পক্ষে পাসাং শেরপা বলেন, ‘পাহাড়ের দর্শনীয় স্থানগুলিতে যাতে স্থানীয় গাড়িগুলি চলাচল করে, সেই দাবি থেকে সংগঠন সরছে না। আগামীদিনে এই দাবি পূনরায় জানানো হবে।’ জয়েন্ট অ্যাকশন কমিটির পক্ষে উদয় সাহা বলেন, ‘প্রশাসনিক পদক্ষেপে আমরা খুশি। আমাদের সমস্তু গাড়ি টাইগার হিল থেকে শুরু করে সব জায়গায় চলাচল করবে।’ কমিটির পক্ষে একই কথা বলেছেন উত্তম থাপা।

‘মেঘ সরল’ দার্জিলিংয়ে

প্রথম পাতার পর

এরই সঙ্গে পাহাড়ের ৩১৩ জন শিক্ষক-শিক্ষিকার চাকরি খারিজ করে দিয়েছিল হাইকোর্টের সিদ্ধল বেঞ্চ। ফলে কার্যত ভেঙে পড়েছিল পাহাড়। পর্যটন ব্যবসায়ীদেরও কপালে হাত পড়েছিল।

কিন্তু বুধবার দিনটা যেন সকলের জন্যই সুখবর এনে দিলেন সান্ত্বকরজ বড়দিনের প্রাক্কালে টাইগার হিল নিয়ে জটিলতা যেমন কেটে গেল, একইভাবে ৩১৩ জন শিক্ষক-শিক্ষিকার চাকরি নিয়েও সুখবর শুনিয়েছে কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ। ফলে খুশির হওয়া শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে। আবার এদিনই আদালতের নির্দেশে সন্ধ্যায় গ্লেনারিজের পানশালা খুলে দেওয়ার নির্দেশ দিয়েছে। ফলে সামগ্রিকভাবে পাহাড়ের কারো মেঘ কানেকটাই কেটে গিয়েছে।

পযাণ্ডি নথিপত্র না থাকায় এবং যত্রতত্র মদ মজুতের অভিযোগে গত ৯ ডিসেম্বর দার্জিলিংয়ের প্রসিদ্ধ বেকারি গ্লেনারিজের পানশালা বন্ধ করে দিয়েছিল দার্জিলিং জেলা প্রশাসন। যা নিয়ে রাজনীতি কম হয়নি। এই ঘটনায় প্রথম দিন থেকেই গ্লেনারিজের মালিক তথা ইন্ডিয়ান গোষ্ঠা জনশক্তি ফ্রন্টের আহ্বায়ক অজয় এডওয়ার্ড রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগ তুলেছিলেন। তাঁর বক্তব্য ছিল, গোখাল্যান্ড নাম

দিয়ে একটি ব্রিজ তৈরি করায় প্রশাসন শাসকদলের কথামতো এই কাজ করেছে। প্রশাসনের এই পদক্ষেপের বিরুদ্ধে তিনি হাইকোর্টে যাবেন বলে সেদিনই ঘোষণা করেছিলেন। সেইমতো অজয় হাইকোর্টের দ্বারস্থ হন। বুধবার কলকাতা হাইকোর্টে জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে মামলাটির শুনানি হয়। প্রাশংবর্তীকালীন নির্দেশ হিসেবে শুধুমাত্র মদ বিক্রি করার শর্ত দিয়ে গ্লেনারিজের পানশালা চালু করার নির্দেশ দেওয়া হয়েছে। আদালতের নির্দেশ অনুযায়ী, পরবর্তী শুনানি না হওয়া পর্যন্ত পানশালায় কোনও গানের আসর বসানো যাবে না। প্রশাসনকেও এদিনই সন্ধ্যা ৫টার মধ্যে ওই পানশালা পুনরায় খুলে দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত। ১২ জানুয়ারি ফের এই মামলার শুনানি হবে। রাতে অজয় বলেছেন, ‘১৬ দিন বন্ধ থাকার পর গ্লেনারিজের পানশালা পুনরায় খুলে গিয়েছে। আমাদের বেকারি, ক্যাফেটেরিয়া, পানশালা সমস্তুকিছু খোলা রয়েছে। সব পর্যটককেই আমরা ফের আশ্বাসের এখানে আমন্ত্রণ জানাচ্ছি।’ তাঁর সংযোজন, ‘আমি রাজনীতির শিকার। আজ যিনি ক্ষমতায় রয়েছেন, কাল তিনি না থাকতে পারেন। কিন্তু গ্লেনারিজ ছিল, আছে, থাকবে।’

এদিন বিকেল থেকেই দার্জিলিংয়ের ম্যালের চৌরাস্তা থেকে শুরু করে চকবাজার, মহাকাল বাজার, চাটগুলিতে ভিড় লক্ষ করা গিয়েছে। সেন্ট অ্যাড্ভুজ চার্চ, আওয়ার লেডি হুইল চার্চ, নর্থপয়েন্ট চার্চেও ভালো ভিড় লক্ষ করা গিয়েছে। ম্যালের চৌরাস্তায় দাঁড়িয়ে নেহাট্টার বাসুদেব মিল্লি বললেন, ‘দু’দিন হল দার্জিলিংয়ে এসেছি। হোটেল থেকে বলেছিল টাইগার হিলে গাড়ি চলাচল বন্ধ রয়েছে। তাই হতাশ হয়েছিলাম। কিন্তু এদিন বিকেলে শুনলাম বহুস্পতিবার থেকে আবার টাইগার হিল যাওয়া যাবে। তাই গাড়ি বুকিং করেই ম্যালে এসেছি। প্রচণ্ড ঠাণ্ডা রয়েছে ঠিকই কিন্তু চারিদিকে আলো বলমলে দার্জিলিং দেখে বেশ আনন্দ পড়েছে।’

অন্যদিকে, গ্লেনারিজের আইকনিক ‘হোপ’ এর সামনে দাঁড়িয়ে স্লেফি নেওয়ার ফাঁকেই কলকাতার যাদবপুর থেকে আসা পর্যটক মিডাল স্যান্ডাল বললেন, ‘এদিন দুপুরেই দার্জিলিংয়ে উঠেছি। সন্ধ্যা হোটেলে থেকে বেরিয়েই গ্লেনারিজের বলমলে হেয়ারা দেখে ছবি না তুলে থাকতে পারলাম না।’ তিনি বললেন, ‘কলকাতাতেও বড়দিন খুব ঘটা করে পালিত হয়। কিন্তু দার্জিলিংয়ে বড়দিনের আনন্দটাই আলাদা। তাই চলে এলাম।’

খবরাখবর

৫৫

আদালতের রায় আমাদের কাছে বড়দিনের উপহার হিসাবে এসেছে। আমরা এই শিক্ষক-শিক্ষিকাদের পাশে সবসময় রয়েছি।

অনীত থাপা

চিফ এগজিকিউটিভ, জিটিএ

শুনানির পর ৩১৩ জন শিক্ষকের চাকরি বাতিলের নির্দেশ দেওয়া হয়। রায়ের পরবর্ত্তক্ষেপে বলা হয়েছিল ১৯৯৭ সালের স্কুল সার্ভিস কমিশনের আইন লঙ্ঘন করে এই শিক্ষকদের নিয়োগ হয়েছিল। এরপরই সিদ্ধল বেঞ্চের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে মামলা করেন শিক্ষারা। মামলায় অংশীদার হয় জিটিএ। মঙ্গলবার হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপতি

তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি বিশ্বনাথ চৌধুরীর ডিভিশন বেঞ্চে মামলার শুনানি হয়। শুনানি শেষে বিচারপতিরা বুধবার রায় ঘোষণার কথা জানান।

সেইমতো বুধবার বেলা ১২টা নাদাদ ডিভিশন বেঞ্চ জানিয়ে দেয়, সিদ্ধল বেঞ্চের রায়ের ওপর ১২ সপ্তাহের স্থগিতাদেশ দিয়েছে। সেইসঙ্গে পরবর্তী সার্কিট চালু হওয়ার পর থেকে চার সপ্তাহের মধ্যে মামলার সমস্তু অংশীদারকে নিয়োগ হয়েছিল। ১২ দিতে আদালত নির্দেশ দিয়েছে।’ সূত্রের খবর, পর্যবেক্ষণে আদালত জানিয়েছে, হঠাৎ করে এই শিক্ষকদের চাকরি থেকে বাদ দেওয়া হলে শিক্ষা ব্যবস্থায় বড় প্রভাব পড়তে পারে।

বিএলও’র মৃত্যু

বহরমপুর, ২৪ ডিসেম্বর : বৃথ লেভেল অফিসারের (বিএলও) দায়িত্বপ্রাপ্ত এক প্রাথমিক শিক্ষকের মৃত্যুতে ফের সামনে এল এসআইআর প্রসঙ্গ। ভগনালগোলার গোবিন্দপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রভাসকুমার দাস (৫৯) এসআইআর-এর কাজের চাপ নিতে না পেরে অসুস্থ হয়ে মারা গিয়েছেন বলে পরিবারের দাবি।

প্রশিক্ষণ

শিলিগুড়ি, ২৪ ডিসেম্বর : ওয়েস্ট বেঙ্গল ডলার্টারি হেলথ অ্যাসোসিয়েশনের তরফে মানসিক স্বাস্থ্য নিয়ে প্রশিক্ষণ দেওয়া হল। বুধবার শিলিগুড়ি সেন্ট জন অ্যাথল্যাঙ্গ অ্যাসোসিয়েশনে আয়োজিত ওই প্রশিক্ষণে ২০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়ে।



টেকনো ইন্ডিয়ায় স্কুলে অনুষ্ঠান।

সমন্বয় ২০২৫

নিউজ ব্যুরো

২৪ ডিসেম্বর : টেকনো ইন্ডিয়া গ্রুপ ওয়ার্ল্ড স্কুল তাদের বার্ষিক অনুষ্ঠান ‘সমন্বয় ২০২৫’-এর আয়োজন করেছিল। স্কুলের পড়ুয়ারা বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে নিজদের প্রতিভাকে তুলে ধরে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুকনা এডরিউইউইএস-এর প্রধান লেকচেনার্স কনলে অভিষেক ঝা। এছাড়া উপস্থিত ছিলেন টেকনো ইন্ডিয়া গ্রুপের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট তাম্বর রায়, টেকনো ইন্ডিয়া গ্রুপের ডিজিএম নিমলিমা আচার্য প্রমথ। সন্ধ্যেলের অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন প্রখ্যাত শিল্পী রাফা ইয়াসমিন। স্কুলের প্রিন্সিপাল সকলের সামনে ইনসিটিউশনের দৃষ্টিভঙ্গি ও লক্ষ্যকে তুলে ধরেন ও অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা জানান।

ইউনুসদের

প্রথম পাতার পর

যদি ওসমান হাদির হত্যাকাণ্ডের বিচার না হয়, তবে এদিন আন্দোলনের বাংলাদেশ থেকে পালাতে হবে।’

ওমর মাইক ধরার সঙ্গে সঙ্গে চারপাশ হঠাৎ নিস্তব্ধ হয়ে যায়। ভিড়ের চোখ তখন মঞ্চে ওমরের দিকে। ওসমান ভ্রাতার সাফ কথা, তাঁর দান। ‘বিশিষ্ট প্রভু’-দের সামনে মাথা নোয়াননি বলেই খুন হয়েছেন। শেখ হাসিনার পরিণতির কথা মনে করিয়ে তিনি হুংকার দেন, খুনিদের দ্রুত বিচার না হলে এই সরকারকে পালানোর পথ খুঁজতে হবে। যদিও অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল আশ্বাস দিয়েছেন, হাদির হত্যাকাণ্ডের বিচার হবে ফাস্ট ট্র্যাক ট্রাইবিট্রালে ৯০ দিনের মধ্যে।

তবে এই উত্তাপের আঁচ শুধু বন্ধুত্বের আটকেই। একটি বেসরকারি টিভি চ্যানেলের নিউজ হেড নাজনীন মুন্নির অপসারণ দাবি করেছেন বৈষম্য-বিরোধী ছাত্রজনতা পরিষে। একদল তরুণ। নাজনীনকে না সরালে প্রথম আলো, দ্য ডেইলি স্টার, ছায়ানটের মতো ওই চ্যানেলের অফিস পুড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছেন তারা। নাজনীনকে তারা আওয়ামী লিগের সমর্থক বলে দোষে দিয়েছেন। আতঙ্কিত মুন্নি সমাজমাধ্যমে নিজেই ওই খবর জানিয়েছেন নিজের পোস্টে।

দেশের ভেতরের চাপের পাশাপাশি আন্তর্জাতিক মহলের কড়া নিন্দায় কোণঠাসা হয়ে ময়মনসিংহের নিহত হিন্দু তরুণ দীপচন্দ্র খানের পরিবারের আর্থিক দায়িত্ব হাতে নেওয়ার আশ্বাস দিয়েছে ইউনুস সরকার। বালগোলের শিক্ষা উপদেষ্টা সিয়ারা আবারা নিহতের পরিবারের সঙ্গে দেখা বলেন, ‘হাজার ঘটনার কোনও অজুহাত থাকতে পারে না। প্রধান উপদেষ্টাও পরিবারটিকে সমবেদনা জানিয়েছেন বলে আবারা জানান।

শিক্ষা উপদেষ্টার কাছে দীপুর বাবা রবিন্দ্র দাস ছেলের হত্যার বিচার চেয়েছেন। একমাত্র রোজগেরে সদস্যকে হারিয়ে এখন দিশেহারা দীপুর পরিবার। পিণ্ডির মেয়ে পরে গাছে ঝুলিয়ে দীপুর দেহ পুড়িয়ে দেওয়ার মতো বীভৎশ ঘটনার প্রতিবাদে ভারতে তাঁর প্রতিবাদ চরছে। পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, অসমের বিভিন্ন স্থানে হিন্দুত্ববাদী সংগঠনগুলি বিক্ষোভ দেখিয়েছে বুধবারও। কুটাম্বিক স্তরে কড়া বাতী দিয়েছে নরাদিল্লি। রাশিয়া, ফ্রান্স, জার্মানি, এমনকি রাষ্ট্রসংঘ পদক্ষেপ করার জন্য অনুরোধ করেছে বাংলাদেশকে।

বিজয় হাজারের মঞ্চে রোকো ম্যাজিক

জয়পুর ও বেঙ্গালুরু, ২৪ ডিসেম্বর : ঘরোয়া ক্রিকেটে শেষ কবে এমন উমাদানা দেখা গিয়েছে? শেষ কবে ঘরোয়া ক্রিকেটে তারকা-দর্শনে এমন পাগলামি দেখেছে ভারতীয় ক্রিকেট? প্রশ্নের জবাবে অনেকেই অস্বস্তিতে পড়বেন। বিরাট কোহলি ও রোহিত শর্মাকে নিয়ে উমাদানা, আবেগ নতুন কিছু নয়। আন্তর্জাতিক আড়িনায় বারবার দেখা গিয়েছে রোকো জুটির ক্যারিশমা। বুধবার ঘরোয়া ক্রিকেটও দেখে ফেলল রোকো ম্যাজিক।

শেষ ঘরোয়া ক্রিকেট মরশুমের দিল্লির হয়ে নেমেছিলেন কোহলি। রোহিত নামলেন আজ সাত বছর পর। দুইজনই তাদের রাজ্য দলের হয়ে শতরান করলেন। গড়লেন নজির। দলকে জেতালেন। টিম ইন্ডিয়ায় কোচ গৌতম গম্ভীর ও নিবার্চক কমিটির প্রধান অজিত আগরকারদের নীরব বার্তা দিলেন। সঙ্গে প্রমাণ করলেন, ২০২৭ সালে দক্ষিণ আফ্রিকার মাটিতে একদিনের বিশ্বকাপ খেলার জন্য কতটা মুখিয়ে তারা।

জয়পুরের সোয়াই মানসিং স্টেডিয়ামে মুম্বইয়ের হয়ে সিকিমের বিরুদ্ধে খেলতে নেমেছিলেন হিটম্যান। শতরান করলেন ৬২ বলে। শেষপর্যন্ত থামলেন ৯৪ বলে ১৫৫ রানের ইনিংস খেলে। ৯টি ছক্কা ও ১৮টি বাউন্ডারিতে সাজানো হিটমানের ইনিংসে শুধুই মুগ্ধতা। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে

অনায়াস জয় মুম্বই-দিল্লির

তাকে দেখার জন্য সকাল থেকে ক্রিকেটপ্রেমীরা হাজির হয়েছিলেন সোয়াই মানসিং স্টেডিয়ামে। রোহিচের ব্যাটিং বা ফিল্ডিংয়ের সময় গ্যালারি থেকে টানা তাঁর নামে জয়ধ্বনি শোনা গিয়েছে। প্রাক্তন ভারত অধিনায়ক নিজেও উপভোগ করেছেন ম্যাচের প্রতিটা মুহূর্ত। ম্যাচের সেরা হয়ে প্রমাণ করেছেন, তাঁর মধ্যে ক্রিকেটের প্যাশন এখনও আগের মতোই রয়েছে। ব্যাটিং স্কিলেও মরচে ধরেনি।



যরোয়া ক্রিকেটেও ছন্দ ধরে রাখলেন বিরাট কোহলি-রোহিত শর্মা।

দ্বিশতরান ওডিশার স্বস্তিকের ■ শতরান পেলেন ঈশানও বৈভবের তাণ্ডবে নজির বিহারের

রাঢ়ি, বেঙ্গালুরু ও আহমেদাবাদ, ২৪ ডিসেম্বর : প্রথম দিনেই সুপারহিট বিজয় হাজারে টুফি। বুধবার দেশের বিভিন্ন প্রান্তে চলল একের পর এক নজির ভাঙা গড়ার খেলা। রাঢ়িতে প্রেক্ট গ্রুপের ম্যাচে বিহার তুলল ৫৭৪ রানের পাহাড়। যা গোটা বিশ্বে পুরুষদের প্রথম শ্রেণির ক্রিকেটে সর্বাধিক দলগত রান। আহমেদাবাদে বাডখণ্ডের দেওয়া ৪১২/৯ স্কোর তাড়া করে ম্যাচ জিতল কণাটিক।

দুর্বল অরুণাচলপ্রদেশকে ১৭৭ রানে গুটিয়ে বিহার ম্যাচ জিতল ৩৯৭ রানে। সৌজন্যে বৈভব সূর্যবংশীর অতিমানবীয় ইনিংস। রবিবার অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপের ফাইনালে পাকিস্তানের কাছ হার হজম করতে হয়েছিল বৈভবদের। বুধবার যেন সেই জ্বালা মেটালেন তিনি। ১৪ বছরের কিশোর ৮৪ বলে ১৯০ রান করলেন। ১৬টি বাউন্ডারি ও ১৫টি ছক্কার ইনিংসে গড়লেন একাধিক নজির। বিশ্বের কনিষ্ঠতম হিসেবে লিস্ট ‘এ’ ক্রিকেট

শতরান করলেন বৈভব (১৪ বছর ২৭২ দিন)। এই ফরম্যাটে দ্রুততম ১৫০ রানের নজিরও এখন বৈভবের নামে (৫৯ বলে)। ভাঙলেন এবি ডেভিলিয়াসের ৬৪ বলে ১৫০ রানের রেকর্ড। ৫ নম্বরে নেমে বিহার অধিনায়ক সাকিবুল গনি ৪০ বলে ১২৮ রানের ইনিংস খেললেন। বিজয় হাজারে টুফির দ্রুততম শতরান (৩২ বলে) করে তিনি ছাপিয়ে গেলেন বৈভবকেও। গোটা বিশ্বে লিস্ট ‘এ’ ক্রিকেটের ইতিহাসে গনির শতরান তৃতীয় দ্রুততম।

স্বপ্নের ফর্ম বজায় রাখলেন। বাডখণ্ডের অধিনায়ক ঈশান কিশানও। টি২০ বিশ্বকাপের ভারতীয় দলে ডাক পাওয়ার পর বিজয় হাজারেতে এদিন ৩৯ বলে ১২৫ রান করলেন ঈশান। ৬ নম্বরে নেমে তিনি শতরানে পা রাখেন মাত্র ৩৩ বলে। যদিও ঈশানের ইনিংসে জলে গেল দেবদত্ত পাডিকলের (১১৮ বলে ১৪৭)



১৯০ রানের ইনিংসে জোড়া রেকর্ড গড়লেন বৈভব সূর্যবংশী।

ম্যাচ জেতানো শতরানে। ১৫ বল বাকি থাকতেই ৪১৩/৫ স্কোরে পৌঁছে যায় কণাটিক। টুর্নামেন্টের ইতিহাসে কণাটিক সর্বাধিক সফল রানতাড়া করে জিতল। কণাটিকের এদিনের ৪১৩/৫ স্কোর লিস্ট ‘এ’ ক্রিকেটে দ্বিতীয় সর্বাধিক সফল রানতাড়া। অর্ধশতরান করেন অধিনায়ক মায়াক্স আগরওয়াল (৫৪) ও অভিনব মনোহর (৫৬)।

বেঙ্গালুরুতে সৌরাষ্ট্রের বিরুদ্ধে দ্বিশতরান করে নজির গড়লেন ওডিশার স্বস্তিক সামাল (১৬৯ বলে ২১২)। তিনি ওডিশার প্রথম ব্যাটার যিনি বিজয় হাজারেতে দ্বিশতরান করলেন। প্রতিযোগিতার ইতিহাসে যা পঞ্চম সর্বাধিক ব্যক্তিগত স্কোর। স্বস্তিক ইনিংসে সাজান ২১টি চার ও ৮টি ওভার বাউন্ডারিতে। যদিও ওডিশার ৩৪৫/৬ স্কোরের জবাবে সৌরাষ্ট্র ৪৮-৫ ওভারে ৫ উইকেটে ৩৪৭ রানে পৌঁছে যায়।

অন্যদিকে, জয়পুরের মহারাষ্ট্রকে ৫১ উইকেটে ৩৪৭ রানে পৌঁছে যায়। রানে হারাল পঞ্জাব। তবে পঞ্জাবের প্রথম একাদশে এদিন শুভমান গিল ও অর্শদীপ সিং ছিলেন না। পঞ্জাব প্রথমে ৬ উইকেটে ৩৪৭ রান তোলে। আনমোলপ্রীত সিং ৮৫ ও অভিষেক শর্মা ৪৮ রান করেন। প্রভাসমরান সিংয়ের অবদান ৬০। জবাবে রামকৃষ্ণ যোষ (৭৩), পৃথ্বী শ (৪৬) চেষ্টা চালালেও মহারাষ্ট্র ২৯৬/৮ স্কোরে আটকে যায়। বর্ঘ হন অধিনায়ক রুতুরাজ গায়কোয়াড় (১)।



বাংলার জয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখলেন ম্যাচের সেরা শাহবাজ আহমেদ। বুধবার।

শাহবাজ-আকাশে রেকর্ড জয় বাংলার

বিদর্ভ-৩৮২/৫ বাংলা-৩৮৩/৭ (৪৮-৫ ওভারে) (৩ উইকেটে জয়ী বাংলা)

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ ডিসেম্বর : পথ চলার এখনও অনেক বাকি। একটা ম্যাচ দুর্দান্ত জেতার পর আমাদের আগামীর পরিকল্পনা করতে হবে। লাফালাফি করার মতো কিছুই হয়নি।

সন্ধ্যার দিকে রাজকোটের বাংলার কোচ লক্ষ্মীরতন শুক্লাকে ফোন করতেই বরফশীতল গলায় কথাগুলো টানা বলে দিলেন তিনি। বাংলা কোচের পর্বক্ষণে কোনও ভুল নেই।

কিন্তু তারপরও বিজয় হাজারে টুফির প্রথম ম্যাচে বিদর্ভকে ৩ উইকেটে হারিয়ে মায়াবী জয়ের পর বাংলার ক্রিকেট সংসারে রয়েছে আবেগ। দলের সবারই অবদান রয়েছে সাফল্যে। কিন্তু তারপরও বেশি করে অলরাউন্ডার শাহবাজ আহমেদ (৫৮ বলে ৭১) ও পেস বোলার আকাশ দীপকে (২৪ বলে অপরাজিত ৩৮) নিয়ে রয়েছে প্রশংসার বন্যা। কঠিন সময়ে স্নায়ুর চাপ সামলে বাংলাকে ম্যাচ জেতানোর মূল কারিগর শাহবাজরাই। অলরাউন্ডার শাহবাজ ম্যাচের সেরাও হয়েছেন।

রাজকোট শহর থেকে সানোসারা ক্রিকেট মাঠের দূরত্ব প্রায় ৪২ কিলোমিটার। নতুন স্টেডিয়াম। এই প্রথমবার এই মাঠে খেলল টিম বাংলা। হুড়াহুড়ি ব্যাটিং সহায়ক পিচে টেসে জিতে বিদর্ভকে ব্যাট করতে পাঠিয়েছিলেন বাংলার অধিনায়ক অভিমন্যু ঈশ্বর। মহানন্দ সান্নি (৬৫/২), মুকেশ কুমাররা (৪৬/০) শুক্কা খারাপ করেননি। প্রথম দশ ওভারে

দলের সবার অবদান রয়েছে এই সাফল্যে। যদিও পথ চলার এখনও অনেক বাকি। আগামী ম্যাচগুলিতেও আমাদের ছন্দ ও ধারাবাহিকতা ধরে রাখতে হবে।-লক্ষ্মীরতন শুক্লা

করে দেখালেন অভিষেক পোডেলারা (৩৫ বলে ৫৬)। সাত বল বাকি থাকতে বিদর্ভের বিরুদ্ধে ৩৮৩/৭ তুলে নজির গড়ে ম্যাচ জিতল বাংলা। নজির, বিজয় হাজারে টুফির ইতিহাসে সর্বাধিক রানতাড়া বাংলা।

৩৮২ রানের এভারেস্টের সামনে ব্যাট করতে নেমে অধিনায়ক অভিমন্যু (৬৭ বলে ৭১) ও অভিষেক দুর্দান্ত শুরু করেছিলেন। তাদের ব্যাটিং আগ্রাসনে শুরুর ১১ ওভারের মধ্যেই ১০০ রানের গম্ভী পার করে ফেলে টিম বাংলা। অভিষেক-অভিমন্যুরা ফিরে যাওয়ার

কষ্টার্জিত জয়ে সেমিতে আর্সেনাল

লন্ডন, ২৪ ডিসেম্বর : রোমাঞ্চে ভরপুর লিগ কাপের কোয়ার্টার ফাইনাল।

৯০ মিনিট শেষে ১-০ গোলে এগিয়ে আর্সেনাল। ৯ মিনিট যোগ করা সময়ের পঞ্চম মিনিটে গোল হজম। নিখারিত সময়ের খেলা শেষ ১-১ গোলে। টাইব্রেকারেও অমীমাংসিত ম্যাচ। ম্যাচের নিষ্পত্তি হল সাউেন ডেখে। সেখানে ক্রিস্টাল প্যালেসকে ৮-৭ গোলে হারিয়ে লিগ কাপ সেমিফাইনালের টিকিট নিশ্চিত করল মিকেল আর্তেতার আর্সেনাল।

লিগ কাপের শেষ চারে লন্ডন ডার্বি

উত্তেজনার ঠাসা ম্যাচেও গোলশূন্য রইল প্রথমার্ধ। ডেউলক আত্মঘাতী গোলে। ৮০ মিনিটে প্যালেসে ডিফেন্ডার ম্যাকসেল প্যাক্কেইনগের গোলে এগিয়ে যায় আর্সেনাল। কর্নর থেকে ভেসে আসা বল বিপনুজ করতে গিয়ে তা নিজেকে জালেই জড়িয়ে দেন তিনি। ম্যাচের সংযুক্তি সময়ে নাটকীয় মোড়। ক্রিস্টাল প্যালেসের হয়ে গোল শোখ মার্ক গুয়েরিং।

এরপর টাইব্রেকার ও সাউেন ডেখ মিলিয়ে প্রথম সাতটি শটের প্রতিটিতেই লক্ষ্যভেদ করে দুই দল। অষ্টম কিকে আর্সেনাল বল জালে পাঠালেও ক্রিস্টাল প্যালেসের শট রুখে দেন গানারদের গোলকিপার কেপা আরিজবাবালাগা। এরপরই উজ্জ্বল ফেটে পড়ে লন্ডনের এমিরেটস স্টেডিয়াম। এমন কষ্টার্জিত জয়ের পরও দলের পারফরমেন্সে সন্তুষ্ট আর্তেতা। তিনি বলেছেন, ‘আমরা সেমিফাইনালে, এটাই লক্ষ্য ছিল। আরও বড় ব্যবধানে জেতা উচিত ছিল ঠিকই। তবে এত পরিবর্তন সত্ত্বেও ছেলেরা যেভাবে খেলেছে তাতে আমি সন্তোষিত সন্তুষ্ট’।

লিগ কাপের সেমিতে আর্সেনালের প্রতিপক্ষ চেলসি। শেষ চারে আরও একটা রোমাঞ্চকর লন্ডন ডার্বি দেখার অপেক্ষায় ফুটবল বিপ।



ম্যাচের মাঝে মুশির খানের সঙ্গে রোহিত শর্মা (বোঁয়ে)। জয়ের পর অটোগ্রাফ দিলেন বিরাট কোহলি। বুধবার।



রোকো মৌতাতে খোঁজ গম্ভীর-আগরকারের!

নয়াদিল্লি, ২৪ ডিসেম্বর : জয়পুর থেকে বেঙ্গালুরু। দেশের দুই প্রান্তে দূরত্ব কয়েক হাজার কিলোমিটারের। কথায় বলে, সাফল্য ঘটিয়ে দেয় যাবতীয় দূরত্ব। আজ ঠিক সেটাই দেখল ক্রিকেট সমাজ। জয়পুরে রোহিত শর্মার ব্যাট থেকে বেরিয়েছে মায়াবী শতরান। মুম্বই জিতেছে অনায়াসে। বেঙ্গালুরুতে বিরাট কোহলির ব্যাট থেকে বেরিয়েছে চরম আশ্বাস। আর সেই আশ্বাসনের তেজে, মায়ী, বাধা এতটাই ছিল যে, ভারতীয় ক্রিকেট সংসারে নতুনভাবে রোকো জুটিকে নিয়ে শুরু হয়েছে বীরপুজো।

সঙ্গে খোঁজ চলছে দুই ‘ভিলেন’-এর। ২০২৪ সালে টি২০ বিশ্বকাপ জয়ের পরই কুড়ির ক্রিকেট থেকে অবসর নিয়েছিলেন রোকো। স্বেচ্ছায়। কিন্তু তাঁদের টেস্ট থেকে সরে নাড়ানোর পিছনে রয়েছে ভিন্ন ছবি। কোচ গৌতম গম্ভীর ও জাতীয় নির্বাচক কমিটির প্রধান অজিত আগরকারদের নিয়মিত চাপ। ২০২৫ সালের শুরুতে অস্ট্রেলিয়ায় সিডনি টেস্টের আগে নিবাচক প্রধান আগরকার রোকো জুটিকে তাদের অবসর ভাবনা নিয়ে প্রশ্ন করেছিলেন। বিষয়টা একেবারেই ভালোভাবে নেননি বিরাট-রোহিত। অনেক আক্ষেপ, উপেক্ষা সহ্য করে শেষ পর্যন্ত তাঁরা টেস্ট থেকে অবসর নিয়েছেন। কিন্তু ক্রিকেটের খিঁদে এখনও আগের মতোই রয়ে গিয়েছে। টিম ইন্ডিয়ায় মিশন অস্ট্রেলিয়া ও ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকা সিরিজে বারবার তার প্রমাণ মিলেছে। আজ বিজয় হাজারের মঞ্চেও রোকো ম্যাজিক ক্রিকেটমহলকে আবেগে ভাসানোর পাশে কাব্যত পাগল করে দিয়েছে।

তারপরই সমাজমাধ্যমে গম্ভীর-আগরকারদের মুগ্ধপাড়া শুরু হয়েছে। ক্রিকেটপ্রেমীরা জানতে চেয়েছেন, বিজয় হাজারে টুফির মঞ্চে রোহিত-



জয়পুরের সোয়াই মানসিং স্টেডিয়ামে রোহিত শর্মার ব্যাটিং দেখতে বুধবার ছিল উপচে পড়া ভিড়।

প্রবেশধিকার ছিল না। কিন্তু জয়পুরের সোয়াই মান সিং স্টেডিয়ামের গ্যালারিতে রোহিত শো দেখার জন্য হাজির ছিলেন অন্তত কুড়ির হাজার ক্রিকেটপ্রেমী। গ্যালারির ধ্বনিতে রোহিতকে মুম্বই তথা ভারতীয় ক্রিকেটের ‘রাজা’ হিসেবে তুলে ধরা হয়েছিল। বিরাটের ম্যাচের গ্যালারিতে দর্শক থাকলে সেখানেও একই ছবি দেখা যেত। যদিও বাস্তবে ‘ভিলেন’ গম্ভীর-আগরকাররা রোকো জুটিকে নিয়ে আগামীদিনে কী বার্তা দেন, তা নিয়ে জল্পনাও শুরু হয়ে গিয়েছে।

ক্লাব প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় আশাবাদী তিন সদস্যের কমিটি

সুস্থিতা গঙ্গোপাধ্যায়

কলকাতা, ২৪ ডিসেম্বর : ইন্ডিয়ান সুপার লিগের জট খোলাব বিষয়ে আশাবাদী ইন্ডিয়ান ফুটবল ফেডারেশনের তেরি তিন সদস্যের কমিটি।

বুধবার ক্লাব প্রতিনিধিদের সঙ্গে নয়াদিল্লিতে আলোচনায় বসে এই কমিটি। ক্লাবের পক্ষে সশরীরে ছিলেন স্পোর্টিং ক্লাব দিল্লির গ্রুব সুদ, মুম্বই সিটি এফসি-র কন্দর্প চন্দ্র ও চেন্নাইয়ান এফসি-র একাংশ গুপ্তা। এছাড়াও ভার্চুয়ালি ছিলেন নর্থইস্ট ইউনাইটেড এফসি-র মাদার তামানে ও মোহনবাগান সুপার জায়েন্টের বিনয় চোপড়া। কমিটির তিন সদস্য নাভাস মিরান, কাহিতানো কানোভেজ ও অনিবার্ণ দস্তরাও সরাসরি হাজির ছিলেন নয়াদিল্লির এই বৈঠকে। শুরুতে দীর্ঘমহায়াি লিগ চুক্তি নিয়ে ক্লাব প্রতিনিধিরা প্রশ্ন করত। তাতে এই কমিটির পক্ষ থেকে অনিবার্ণ তাঁদের আশ্বস্ত করে জানান, এই বিষয়টি নিয়ে তাঁরা প্রতিপক্ষ হয়ে নয়, বরং যৌথভাবে এগোবেন। কারণ, ওটা লম্বা সময়ের জন্য চুক্তি হবে। সব পক্ষের সুবিধা ও মতামত ছাড়া যে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া সম্ভব নয়। তিন সদস্যের

কমিটি আরও জানায়, ওই বিষয়টি একমতের ভিত্তিতেই করতে হবে। যাতে কোনও পক্ষেরই সমস্যা না হয় আবার কেউ না কেউ বিপণন সঙ্গী হতেও এগিয়ে আসে। কিন্তু আপাতত এই মরশুমের লিগের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত না নিতে পারলে আর হয়তো লিগই করা সম্ভব হবে না। তিন সদস্যের কমিটির প্রতিনিধিদের সর্দর্ধক মনোভাব দেখে এরপর ক্লাব সিইও-রাও আগ্রহ প্রকাশ করেন। যদিও তাদের দেওয়া চিঠির কী হল, এই প্রশ্ন তালেনে বিনয় চোপড়া।

কাল আবার আলোচনা

ক্লাব জোটের প্রস্তাব যে সাধারণ সভায় নাকচ হয়ে যায়, সেকথা শুরুতে মানতে চাননি মোহনবাগান প্রতিনিধি। এরপর অবশ্য অন্য ক্লাবরা লিগ করার বিষয়টিকেই আপাতত শুরু দিতে শুরু করলে তিনি আর কথা বাড়াননি। কারণ ইতিমধ্যেই ফুটবলারদের মধ্যে অসন্তোষ দানা বাঁধতে শুরু করেছে। এদিনই গুপ্তপ্রীত সিং সান্দ্যুর মতো কেউ কেউ আশঙ্কা প্রকাশ করে বলেছেন, ‘আমি তো এমবিএ করিনি। ফুটবল শুরু না হলে আমার চলবে কীভাবে?’

সেই টেস্টের আগে প্রবল চাপে থাকা ইংল্যান্ড তাদের প্রথম একাদশ ঘোষণা করে দিয়েছে। চোটের কারণে দলে

চাপ বাড়ছে স্টোকস-বাজের

নেই জোরে বোলার জোফ্রা আচার। বাদ পড়েছেন ওলি পোপও। তাঁদের বদলে প্রথম একাদশে এসেছেন

টি২০ র‍্যাংকিংয়ে তিনে তিলক

দুবাই, ২৪ ডিসেম্বর : সদ্য প্রকাশিত আইসিসি র‍্যাংকিংয়ের নিরিখে তিলক ভামা যদি হন ভারতীয় ক্রিকেটের আশার আলো, ঠিক একইভাবে উদ্বোধের নাম জসপ্রীত বুমরাহ।

টেস্টে বোলারদের র‍্যাংকিংয়ে বর্তমানে ৮-৭৯ রেটিং পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছেন বুমরাহ। তাঁকে তাড়া করছেন অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্স। ব্যবধান কমিয়ে কামিন্সের খুলিতে এখন ৮-৪৯

উদ্বোধ বুমরাহর

পয়েন্ট। অর্থাৎ বুমরাহর থেকে মাত্র ৩০ পয়েন্ট পিছিয়ে অজি পেসার। আগামী টেস্ট সিরিজগুলিতে পারফরমেন্সে সামান্য হেরফের হলেই বুমরাহর শীর্ষস্থান হাতছাড়া হওয়ার সম্ভাবনা রয়েছে।

এরই মধ্যে স্বস্তির খবর টি২০ আন্তর্জাতিকে তিলকের র‍্যাংকিং। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টি২০ সিরিজে দুর্দান্ত ব্যাটিং করার সুবাদে সংকিশ্রুত ফরম্যাটে ব্যাটারদের তালিকায় তিন নম্বরে উঠে এসেছেন তিনি। চার ইনিংসে ১৮৭ রান, ৬২-এর বেশি গড়। এই পরিসংখ্যানই তাকে র‍্যাংকিংয়ে অনেকটা এগিয়ে দিয়েছে। আগামী অথচ পরিণত ব্যাটিংয়ে বিসের সেরা ব্যাটারদের তালিকায় জায়গা করে নিয়েছেন তিলক। এই তালিকায় শীর্ষে রয়েছেন ভারতেরই আরেক তরুণ ব্যাটার অভিষেক শর্মা।

বক্সিং ডে টেস্টে নেই আর্চার-পোপ

জেকব বেথেল ও গাস আটকিনসন। চলতি বছরের শেষ টেস্ট খেলতে নামার আগে স্বস্তিতে নেই ইংল্যান্ড। দলের ক্রিকেটারদের মানসিকতা, আচরণ, অভিরুজ্ মদ্যপান নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠে গিয়েছে। বুধবার ইংল্যান্ড অধিনায়ক স্টোকস সাংবাদিকদের সামনে প্রায় বীকর করে ফেলেছেন তাঁর সতীর্থ বেন ডাকোট সহ দলের অনেকেরই অভিরুজ্ মদ্যপানের বিষয়টি।

স্টোকস বলেছেন, ‘কীভাবে বিষয়টা আমরা সামলাব, সেটাই এখন সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। নিশ্চিতভাবেই কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি আমরা। কঠিন সময় কাটাতে গেলে মাঠে আমাদের সেরাটা দিয়ে সিরিজে বাকি থাকা দুই টেস্ট জিততেই হবে। হতে পারে সিরিজ আর জিততে পারব না আমরা। কিন্তু বাকি থাকা দুই টেস্টে সফল হলে পরিস্থিতি অনেকটা স্বাভাবিক হবে।’

মুন্সইয়ের সঙ্গে বিচ্ছেদের
পথে সিটি গ্রুপ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ ডিসেম্বর : হিড্যান্ডান সুপার লিগ থেকে নিজেদের সরিয়ে নেওয়ার কথা এক্সেসডিএল বোম্বা ক্যারার পের খেলেই আশঙ্কা তৈরি হয়। সেসময়ই শোনা যাচ্ছিল, বিখ্যাত হিটি গ্রুপ নার্কি মুইই সিটি এক্সপ্রেস সঙ্গে গটিছড়া ছিন্ন করতে পারে। শেষপর্যন্ত সেই আশঙ্কাই সত্যি হতে চলছে। এখনও পর্যন্ত নিশ্চিত নয় এবারের আইএসএল হওয়া। এই পরিস্থিতিতে

মুহূই সিটি একসরি সঙ্গে সম্পর্ক শেষ করে চলেছে সিটি গ্রুপ। এই বিষয়টি তাদের পক্ষ থেকে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের জানিয়েও দেওয়া হয়েছে বলে খবর।

এখন আবার মুহূই সিটি গ্রুপের পক্ষ থেকে চলছে বিচ্ছেদের কাগজপত্র তৈরি। প্রসঙ্গত, সিটি গ্রুপের সঙ্গে মুহূই গুয়ার পির থেকে উৎপত্তি। ছিল মুহূই সিটি একসরি পারফরমেন্স গ্রাম। এই মরশুমে

এখনও পর্যন্ত সুপার কাপ ছাড়া আর কোনও ট্রফিতে খেলেনি মুহুই। সেই টুর্নামেন্টে সেমিফাইনাল পর্যন্ত পৌঁছানি লায়নিয়নজুরালা ছাত্রদের। তবে এরপর তাঁদের ভবিষ্যৎ কী তা পরিষ্কার নয়। এক্ষেত্রেও সীল সরে গেলে আর্দ্য আর মুহুই নিগি দল ধরে রাখবে কি না তাও বোঝা যাচ্ছে না। শুধু তাঁরই নয়, অনেকেই আশঙ্কিত, এভাবেই তাঁপ বহু হয়ে যেতে পারে কিছু ক্লাবের।

মেদিনীপুরকে
হারিয়ে শীর্ষে
সুন্দরবন

কলকাতা, ২৪ ডিসেম্বর :
জয়বাঙ্গা অব্যাহত রাখল সুন্দরবন
বেঙ্গল অটো এফসি। টানা চার
ম্যাচ জিতে বেঙ্গল সুপার লিগ
পয়েন্ট টেবিলের শীর্ষে পৌঁছে গেল
মেহতাব হোসেনের সুন্দরবন।



বুধবার ২-০ গোলে তারা হারাল।
একশি মিনিটপূর্বক। এদিন ম্যাচের
প্রথম ১০ মিনিটের রাউন্ড লভভন্ড
হয়ে যায় মেনিটপূর্বের রক্ষণ।
এ মিনিটের মধ্যেই মহাশয় ছৌফিকের
গোলে এগিয়ে যায় সুন্দরন। ৯
মিনিটে ফোয়াসির পক্ষে ব্যবধান
বাড়ায় তারা। দ্বিতীয়ার্থে মাচের
ফেরার মরীয়া ঢেঁকী চালানলেও
সুন্দরনবনের জমতি রক্ষণে চিড়
ধরাতে ব্যর্থ মেনিটপূর্ব।

মিলন মোড়
গোল্ড কাপ শুরু

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৪
ডিসেম্বর : মধুর মিলন সংঘের মিলন
মোড় গোল্ড কাপ ফুটবল ব্যবহার শুরু
হল। উদ্বোধনী ম্যাচে সিএনএফএস
টাইব্রেকার ৫-০ গোলে নর্থবঙ্গল
আর্মড পুলিশকে হারিয়েছে। নিষারিত
সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। ম্যাচের
সেরা সিএনএফএস-র বিবেক ছত্রী।
দুর্ঘটপ্টিবদল খেলাবে ইউকেএফসি ও
ইস্টবঙ্গল রাজ্যগঞ্জ।

জাগরণী

ক্রিকেট শুরু কাল

নিম্নস্থ প্রতিনিধি, শিলিগুড়ি,
২৪ জুনস্বরূপ : জগদীশ্বরী সৎসের
মাস্তর প্রতিনিধা চ্যাপ্পান গায়ে
কাপ, সাবিত্রীদেবী, জাজেজিয়া
রাস্তা সিলগরু কাপ টুফি ১১ দলীর
অনুষ্ঠ-৪৮ ক্রিকেট শুক্রবার শুরু
হবে। জাগদীশ্বরী সচিব সেকত দে
জিয়েয়েছেন, সর্বপূর্ণ পূর্ণনিমিত্ত
মানে আয়োজকস্বরূপ কোটিং সেন্টার
ছাড়াও কেমবে থিরিপূর্ণ স্পোর্টিং
গ্রাউ, ভাস্কর ক্রিকেট কোটিং সেন্টার,
হেইনবে ক্রিকেট কোটিং সেন্টার,
ফালকাটা টাউন গ্রাউ, আদি
ক্রিকেট আক্যাডেমি, রায়কতপাড়া
স্পোর্টিং আসোসিয়েশন, বিহার
ক্রিকেট আক্যাডেমি, বেস্টন ক্রিকেট
আক্যাডেমি, লক্ষ্মীপুর শুক্রা
ক্রিকেট কোটিং সেন্টার ও নালদার
বংগকা গ্রাউ। ফেরার স্টেডিও পেয়া
হবে বালুমুনো গায়েল ও সীতাদেবী
গায়েলেনে নাদে।

ইউরোপে প্রস্তুতি ম্যাচ খেলবে

ভারতের মেয়েরা
নিজস্ব প্রতিনিধি, কলকাতা,
২৪ ডিসেম্বর : ১০ জানুয়ারি থেকে
এওলিম্পি এশিয়ান গেমের জন্য
ভারতের মহিলা ফুটবল দলের
জাতীয় শিবির বঙ্গোড় কলকাতায়
বুধবার ইস্টবেঙ্গল-সেতু ম্যাস
খেতচে এসে এমএনইই জানিনেলে
ভারতের কলেজ ক্রিস্পিন হচ্ছে।
তিনি বলেন, '১০ জানুয়ারি
থেকে কলকাতায় জাতীয় শিবির
করার পরিকল্পনা রয়েছে।
কয়েকদিন এখানে অনুশীলন করব
তারপরেই উত্তরে গিয়ে কয়েকটি
প্রগতি ম্যাস খেলার পরিকল্পনা
রয়েছে। এওলিম্পি এশিয়ান গেম
সেলেভে অন্তত ১৫-২০ দিন আগে
এস্টেব্লিশ করতে চাই।'

সেতুকে হারিয়ে আইডল্লিউএল
অভিযান শুরু ইস্টবেঙ্গলের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ ডিসেম্বর : জয় দিয়েই মহিলাদের জাতীয় ফুটবল লিগ আইআইউএলএলর অভিযান শুরু করল ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ইন্টারবেল। মুম্বায়ার প্রথম ম্যাচে সেহু একসি-কে ১-০ গোলে হারিয়েছে ইস্টবেঙ্গলের নেতৃত্ব। ম্যাচের শুরু থেকে আক্রমণকারী মেজাজে থাকলেও বাজারের জন্য ৭৭ মিনিট পর্যন্ত অপেক্ষা করতে হয় তাদের সুলভনা গাউলের বোলান্ডা বল ধরে বক্সের বাইরে থেকে দুইশত শটে ভয়সুখ গোলেট করে মাম সৌম্য গুণ্ডলা। সাফ চ্যাম্পিয়ন হওয়ার পর মাত্র একদিন অনুশীলন করে ইস্টবেঙ্গল লেগেছে নেমেছিল। এই নিয়ে ম্যাচের পর কোচ স্যাম্য আনুজ্জব বলেছেন, 'সাফ চ্যাম্পিয়নশিপের পর মেরো রিকভারি হয়নি পায়ালি। তাই দলের লোয়াং রাস্তার ছাপ ছিল। তার পরেও ভবিষ্যৎ পরফরম্যান্সে আমি সন্তুষ্ট।' অন্য ম্যাচে শ্রীমুখি একসি ৪-০ গোলে হারিয়েছে কোকশাম কোলাবা ফসি-কে। জয়ী দলের হায়ে জোজো গোল করেন ডেংমেই সেং। অপর দুইটি গোল করেন রিপ্পা হালদার ও অঞ্জ চানু।

ক্ষমা চেয়েছিলেন বুমরাহ

জোহানসবার্গ ২৪ ডিসেম্বর : ঘটনা ঘটেছিল ইডেন গার্ডেন টেস্টে দক্ষিণ আফ্রিকা অধিনায়ক স্টেভা ব্লুমফিল্ডে 'ফানম' বন্ধে কটাকট করেছিলেন জসব্রীত বানুয়ার। তাঁর মন্তব্য নিয়ে বিস্তৃত বিবর্কিত **ফাঁস বাভুমার** হয়েছিল। খেলার শেষে দেখা গিয়েছিল, বাভুমা ফাঁসে হাত দিয়ে গল্প করছেন বুরার। তখন বোঝা যায়নি। সেই রহস্য ফাঁস হয়েছে বুবার। দক্ষিণ আফ্রিকার বহুবানোমারী বাভুমা আজ জানিয়েছেন, ইডেনে সেই মন্তব্যের জন্য খেলার শেষে বুরার তাঁর কাছে ক্ষমা চেয়েছিলেন। বাভুমা বলেছেন, 'ওরা (ভারতীয়রা) ইডেন টেস্টের সমগ্র নিজস্ব ভাষায় কিছু একটা বলেছিল বুরার। তখন বুঝিনি ইডেন টেস্টের পর বুরারই ফাঁসে ঘটনা নিয়ে আমার কাছে ক্ষমা চায়।' কেন বুরার ক্ষমা চেয়েছিলেন প্রথমে বুঝতে পারেননি প্রাচীনা অধিনায়ক। পরে জেনেছিলেন বিষয়টি। সেই রহস্য আজ ফাঁস করছেন বাভুমা।

**আমূল
দুধ**

**Merry
Christmas**

এগিয়েও হার গোয়ার
 মারাগাঁও, ২৪ ডিসেম্বর :
 এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টুয়ে
 নিয়মরক্ষার ম্যাচেও এফসি গোয়া
 ১-২ গোলে ইস্তিকবালুলের বিরুদ্ধে

হারল। বুধবার ঘরের মাঠে গ্রুপ পর্বের শেষ ম্যাচে শুরুতে এগিয়ে গিয়েছিল গোয়া। গোল করেন দেজান দ্রাজিক। কিন্তু দ্বিতীয়ার্ধের শুরুতেই তিন মিনিটের ব্যবধানে জোড়া গোল হজম করে গোয়া।



৫ উইকেট
চন্দনের

নিজস্ব প্রতিনিষি, শ্রীলঙ্কা, ২৪
 ভিসেবাস : মহকুমা জিলা পরিষদের
 ১০ দলীয় মণীশানাথ সরকার,
 মেহতালা সরকার ও জগদীশ সিনহা
 উল্লেখিত আইনবিদ্যে ছোটোবড় ও
 ফ্রেম সুপার ডিভিশন ছাউনে নিজে
 সুপার বাবা বর্তীণ আফেলটিক রাস
 ১০০ রাণে শ্রীলঙ্কা কিশোর রাসকে
 হারিয়েছে। উত্তরবাস বিখ্যাদালরে
 মাল টাচে বেয়ে বাবা বর্তীণ ৪৪.৫
 ওভারে ১২৮ রাণে অল আউট হয়।
 অর্ধিত সিং ৩৪ ও বসন্ত ছেই ৩৩
 রান করেন। নিরাসে শাম ২৮ রাণে
 পেয়েছেন ৫ উইকেট। জবাবে কিশোর
 ১৩.৫ ওভারে ৭৮ রাণে গুটিয়ে যান।
 প্রোবাসে সিং ৩২ রান করেন। চন্দন
 রান ৩৬ রাণে পেয়েছেন ৫ উইকেট।
 ভালো বোলিং করেন ম্যাচের সেরা

বাবলাতলার
ক্রিকেট শুরু কাল

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি,
২৪ সেপ্টেম্বর : বাবুলাতলা ক্রিকেট
অ্যাকাডেমির সিনিয়রদের ও
দলীয় ক্রিকেট গুজবের শুরু হল।
অ্যাকাডেমির যুগ্মসচিব ডাঃ সায়ন্তন
চক্রবর্তী ও অধূর্ণ ছেতী জানিয়েছেন,
শিলিগুড়ি কলেজের জাতি উদ্বোধনী
মাঠে খেলবে অগ্রগামী সবে ও
আলোরোখাই সুরাভিনী সবে। বাকি
দলগুলি হল বস্তুিকা যুবক সবে,
বায়ু যতীন অ্যাকাডেমি ক্লাব,
এমজেনে কোচবিহার ও পাটনা

অনুর্ধ্ব-১৪ ক্রিকেট শুক্রবার শুরু হবে। জাগরণীর সচিব সৈকত দে জানিয়েছেন, সূর্যনগর পুরনিগমের মাঠে আয়োজকদের কোচিং সেস্টান

ছাড়াও খেলবে খিদিরপুর স্পোর্টিং ক্লাব, ভান্স ক্রিকেট কোচিং সেন্টার, রেইনবো ক্রিকেট কোচিং সেন্টার, মালদাকাটা টাউন ক্লাব, আফ্রি ক্রিকেট অ্যাকাডেমি, রায়কতপাড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন, বিহার ক্রিকেট অ্যাকাডেমি, বোমটন ক্রিকেট অ্যাকাডেমি, লক্ষ্মীরদন শুভা ক্রিকেট কোচিং সেন্টার ও মালদার হংকোর ক্লাব। ফেয়ার প্লে ট্রফি দেওয়া হবে বালমুকুন্দ গোয়েল ও সালাদেবী গোয়েলের নামে।

২৪ ডিসেম্বর : ১০ জানুয়ারি থেকে
এএফসি এশিয়ান কাপের জন্য
ভারতের মহিলা ফুটবল দলের
জাতীয় শিবির বঙ্গাচ কলকাতায়

বুধবার ইস্টবেঙ্গল-সেতু ম্যাচ দেখতে এসে এমনটাই জানিয়েছেন ভারতের কোচ ব্রিস্টিশন ছেরি। তিনি বলেন, '১০ জানুয়ারি থেকে কলকাতা জাতীয় শিবির করার পরিকল্পনা রয়েছে। কয়েকদিন এখানে অনুশীলন করব। তারপরে ইউরোপে গিয়ে কয়েকটি প্রস্তুতি ম্যাচ খেলার পরিকল্পনা রয়েছে। এএফসি এশিয়ান কাপ দেখতে অন্তত ১৫-২০ দিন আগে অস্ট্রেলিয়া যেতে চাই।'

আমূল
দুধ

Merry
Christmas

આમૃત દૂધ બાંટ

KHOSLA ELECTRONICS

YES

YEAR END SALE

MERRY CHRISTMAS & HAPPY NEW YEAR 2026

₹851 EMI STARTS*

1 EMI OFF

0 DOWNPAYMENT

ALL BANK DEBIT & CREDIT CARDS ACCEPTED

Upto ₹45,000 CASH BACK

Upto ₹45,000 EXCHANGE OFFER

FREE GIFT

" LATEST TECHNOLOGY QLED TV NOW @ LOWEST PRICE ONLY @ KHOSLA ELECTRONICS "

100 QLED

₹2,64,990

55 4K HD 75 QLED

₹29,990 ₹59,990

LG SAMSUNG SONY XCA Haier LLOYD Hisense

iPhone 17

@ **₹32,900*** only

PRICE ₹82,900
EXCHANGE ₹45,000
CASHBACK ₹5,000

UPTO 47% OFF

1.5 Ton 3* Inv **EMI ₹1,999**

1.5 Ton 5* Inv **EMI ₹2,416**

600 Ltr. SBS **EMI ₹2,525**

330 Ltr. DD **EMI ₹2,916**

184 Ltr. SD **EMI ₹1,208**

UPTO 41% OFF

UPTO 44% OFF

9 Kg. Front Load **EMI ₹1,994**

9 Kg. Top Load **EMI ₹1,494**

UPTO 58% OFF

10 Ltr.
Pay Only ₹851*

FREE Installation with Kit

Free Cutlery Set worth ₹899

UPTO 67% OFF

EMI ₹990

AIR PURIFIER
400 sqft. coverage

EUREKA FORBES Friends For Life

EMI ₹999

UPTO 32% OFF

25 Ltr.
₹6,990

UPTO 57% OFF

FREE 2BB Glass Cooktop
worth ₹5,190

EMI ₹1,250

HOT & COLD WATER

EMI ₹2,042

UP TO ₹5,000 INSTANT DISCOUNT*

SBI card

CUSTOMER CARE NO. **95119 43020**

enquiry@khoslaelectronics.com

88 SHOWROOMS

BUY 24 X 7 @ khoslaonline.com

*T & C Apply. Pictures are mere indicative. Finance at the sole discretion of the financier. Any Offer is at the sole discretion of Khosla Electronics. Offers are not applicable with Samsung & Sony products.

Locate Your Nearest Khosla Store